| 23 | Mr. Md. Akibul Haque<br>Research Officer, NPO | Multicountry Observational Study Mission on Digital Farming for Small-scale Farmers | 16-17 November 2022 ROC | Virtually |
| 24 | Md. Harun Or Rashid<br>Joint Secretary (BSFIC)<br>Ministry of Industries | Multicountry Observational Study Mission on Industry 4.0 Digital Industrial Platforms | 23–25 November 2022 Singapore | Face to Face |
| 25 | Ms. Shamim Sultana<br>Deputy Secretary, Moind, | Workshop on Service Quality and Productivity Gain sharing | 28–30 November 2022 Japan | Virtually |
| | Md. Moniruzzaman | | | |
| 26 | Mr. Md Yeasin Kabir<br>Senior Assistant Secretary, Moind, | Multicountry Observational Study Mission on Productivity and Innovation for the Digital Economy | 20–22 December 2022 Rok | Face to Face |
| | Mr. Sirajus Salakin<br>Senior Assistant Secretary, Moind | | | |

# Technical Expert Service (TES)

এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)'র সহায়তায় এনপিও প্রতি বছর বিভিন্ন শিল্প/সেবা প্রতিষ্ঠানসমূহকে Technical Expert Service (TES) প্রদান করে। ২০২২-২৩ অর্থবছরে ০৩ (তিন) টি প্রতিষ্ঠানকে Technical Expert Service (TES) প্রদান করা হয়েছে।

২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়িত ৩টি টিইএস নিম্নে উল্লেখ করা হল।

| ক্র: নং | বিষয় | প্রতিষ্ঠান | তারিখ | এক্সপার্ট এর নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | TES on Productivity Measurement and Statistics | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) | ৩০ অক্টোবর, ২০২২ হতে ০৩ নভেম্বর, ২০২২ | Mr. Faik Ycel Gunaydin, Turkiye | |
| ২. | TES on Productivity Basic Tools and Techniques | আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড (এবিএফএল) | ২৯ ডিসেম্বর, ২০২২ হতে ০২ জানুয়ারি, ২০২৩ | Mr. George Wong, Singapore | |
| ৩. | TES on Lean Manufacturing System | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) | ২৩-২৪ অক্টোবর, ২০২২ | Dr.Sugumaran Muniretnam, Malaysia | |

## এনপিও প্রফেশনালদের জন্য TES on Productivity Measurement and Statistics শীর্ষক ০৫ (পাঁচ) দিনের টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস বিষয়ক কর্মশালা

এনপিও প্রফেশনালদের জন্য গত ৩০ অক্টোবর, ২০২২ হতে ০৩ নভেম্বর, ২০২২ তারিখ এনপিও'র সেমিনার রুমে TES on Productivity Measurement and Statistics শীর্ষক ০৫ (পাঁচ) দিনব্যাপী টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস অনুষ্ঠিত হয়। কর্মশালাটি উদ্বোধন করেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে ছিলেন এপিও এর টেকনিক্যাল এক্সপার্ট Mr. Faik Ycel Gunaydin, Turkiye. পাঁচ দিনব্যাপী এই কর্মশালায় এনপিও'র সকল কর্মকর্তা এবং পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী অংশগ্রহণ করেন।





TES on Productivity Measurement and Statistics শীর্ষক ০৫ (পাঁচ) দিনব্যাপী কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দের একাংশ।

উৎপাদনশীলতা বৃদ্ধি করি, স্বনির্ভর দেশ গড়ি।

# বাংলাদেশ ইমপ্লার্য়স ফেডারেশন এর জন্য TES on Lean Manufacturing System শীর্ষক ০৩ (তিন) দিনের টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস বিষয়ক কর্মশালা

বাংলাদেশ ইমপ্লার্য়স ফেডারেশন এর জন্য গত ২৩-২৪ অক্টোবর, ২০২২ তারিখ বাংলাদেশ ইমপ্লার্য়স ফেডারেশন এর বোর্ড রুমে TES on Lean Manufacturing System শীর্ষক ০৩ (তিন) দিনব্যাপী টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস অনুষ্ঠিত হয়। কর্মশালাটি উদ্বোধন করেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে ছিলেন এপিও এর টেকনিক্যাল এক্সপার্ট Dr.Sugumaran Muniretnam, Malaysia. তিন দিনব্যাপী এই কর্মশালায় বাংলাদেশ ইমপ্লার্য়স ফেডারেশন এর আওতাভুক্ত বিভিন্ন প্রতিষ্টানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।





TES on Lean Manufacturing System শীর্ষক ০৩ (তিন ) দিনব্যাপী কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দের একাংশ।

উৎপাদনশীলতা বৃদ্ধি করি, স্বনির্ভর দেশ গড়ি।

## আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড (এবিএফএল), কিশোরগঞ্জ এর জন্য TES on Productivity Basic Tools and Techniques শীর্ষক ০৫ (পাঁচ) দিনের টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস বিষয়ক কর্মশালা

আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড (এবিএফএল), কিশোরগঞ্জ এর জন্য গত ২৯ ডিসেম্বর, ২০২২ হতে ০২ জানুয়ারি, ২০২৩ তারিখ আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড (এবিএফএল), কিশোরগঞ্জ এ TES on Productivity Basic Tools and Techniques শীর্ষক ০৫ (পাঁচ) দিনব্যাপী টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস অনুষ্ঠিত হয়। কর্মশালাটি উদ্বোধন করেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে ছিলেন এপিও এর টেকনিক্যাল এক্সপার্ট Mr. George Wong, Singapore. পাঁচ দিনব্যাপী এই কর্মশালায় আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড (এবিএফএল), কিশোরগঞ্জ এর উচ্চ পদস্থ কর্মকর্তারা অংশগ্রহণ করেন।





TES on Lean Manufacturing System শীর্ষক ০৩ (তিন ) দিনব্যাপী কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দের একাংশ।

**উৎপাদনশীলতা বৃদ্ধি করি, স্বনির্ভর দেশ গড়ি।**

DRAFT

# চতুর্থ অধ্যায়

এনপিও’র অভ্যন্তরীণ কার্যক্রম

## ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সাম্প্রতিক বছর সমূহের ( ০৫ বছর) প্রধান অর্জনসমূহ

গত ০৫ (পাঁচ) বছরে এনপিও কর্তৃক ২৭৭ টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে মোট ৮৯৯২ জন প্রশিক্ষণার্থীকে উৎপাদনশীলতা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এ সময়ে মোট ৪০ টি কর্মশালায় ১৭৬০ জন অংশগ্রহণ করে। এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সহযোগিতায় বাংলাদেশে ১১ টি আন্তর্জাতিক সেমিনার/কর্মশালা সম্পন্ন হয়েছে, এই কর্মসূচিতে বাংলাদেশসহ ২০ টি দেশের মোট ৩৩০ জন অংশগ্রহণ করে। উৎপাদনশীলতার ধারণা জনসাধারণের মাঝে প্রচারের জন্য দেশব্যাপী ০২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করা হয়েছে।

### ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি

সেকশন ২

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | ২০২১-২২* | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বৃদ্ধি | শ্রম উৎপাদনশীলতা | টাকা | ১৮২০০০ (টাকা) প্রায় | ১৯৫০০০ (টাকা)প্রায় | ২০৫০০০ (টাকা )প্রায় | ২১৫০০০ (টাকা )প্রায় | ২২৫০০০ (টাকা ) প্রায় | এনপিও, শিল্প মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | এনপিও’র বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক

## সেকশন-৩ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্য মাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [১] উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা সৃষ্টি সহ দক্ষ জনবল তৈরির মাধ্যমে কর্ম পদ্ধতির উন্নয়ন | ২৪ | [১.১] উৎপাদনশীলতা বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [১.১.১] প্রশিক্ষিত জনবল | সমষ্টি | সংখ্যা | ৭ | ১৯০০ | ৯৬৫ | ২১০০ | ২০৮০ | ১৯৯০ | ১৯৩০ | ১৭০০ | ২২৬০ | ২৪৭০ |
| | | | [১.১.২] পরিচালিত আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ২ | ২ | ১ | - | - | - | ৩ | ৩ |
| | | | [১.১.৩] বৈদেশিক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩০ | ১৭২ | ৩৫ | ৩২ | ৩১ | ৩০ | - | ৪০ | ৪৫ |
| | | [১.২] মাঠ পর্যায়ে উৎপাদনশীলতা দিবস পালন | [১.২.১] জেলা পর্যায়ে অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৩ | ৬৪ | ৬৪ | ৬৪ | ৬৩ | ৬২ | ৬১ | ৬০ | ৬৪ | ৬৪ |
| | | | [১.২.২] উপজেলা পর্যায়ে অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ১ | ২২০ | ২৩০ | ২৫০ | ২৪৫ | ২৪০ | ২৩০ | ২১০ | ২৬০ | ২৮০ |
| | | [১.৩] উৎপাদনশীলতা বিষয়ে সেমিনার আয়োজন | [১.৩.১] আয়োজিত সেমিনার | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ | ৪ |
| | | [১.৪] প্রচার পুস্তিকা/পোস্টার বিতরণ | [১.৪.১] বিতরণকৃত প্রচার পত্রিকা/পোস্টার | সমষ্টি | সংখ্যা | ২ | ১১৫০০০ | ১১৭০০০ | ১২০০০০ | ১১৮০০০ | ১১৬০০০ | ১১৫০০০ | ১১২০০০ | ১২৩০০০ | ১২৫০০০ |
| [২] শিল্প উন্নয়নে স্বীকৃতি ও সহায়তা প্রদান | ১৬ | [২.১]ন্যাশনাল প্রোডাকটিভিটি মাষ্টার প্লান ২০২১-২০৩০ বাস্তবায়নে সহায়তা | [২.১.১] বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা | তারিখ | তারিখ | ২ | ৩১.১২.২১ | | ৩০.০৩.২৩ | ১৫.০৪.২৩ | ৩০.০৪.২৩ | ১৫.০৫.২৩ | | | |
| | | | [২.১.২] কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬ | ৮ | ১১ | ৯ | ৮ | ৬ | - | ১৫ | ২০ |
| | | [২.২] উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে পরামর্শ সেবা প্রদান | [২.২.১] প্রদানকৃত সেবা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৭ | ৫ | ১০ | ৮ | ৭ | ৬ | - | ১২ | ১৪ |
| | | [২.৩] শিল্প খাতে অবদানের জন্য পুরস্কার এবং স্বীকৃতি প্রদান | [২.৩.১] প্রদত্ত ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড | তারিখ | তারিখ | ৩ | ৩০.৯.২০ | | ৩০.০৩.২৩ | ১৫.০৪.২৩ | ৩০.০৪.২৩ | ১৫.০৫.২৩ | ৩০.০৫.২৩ | ৩০.১২.২৪ | ৩০.১২.২৫ |
| | | | [২.৩.২] Institutional Appreciation | তারিখ | তারিখ | ১ | | | | | | | | | |
| | | [২.৪] টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES) প্রদান | [২.৪.১]প্রদানকৃত টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES) | সমষ্টি | সংখ্যা | ১ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |

৫

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্য মাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [৩] উৎপাদনশীলতা বিষয়ে গবেষণা জোরদারকরণ | ১০ | [৩.১.] উৎপাদনশীলতার গতি প্রকৃতি বিষয়ক প্রতিবেদন | [৩.১.১] প্রস্তুতকৃত প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ৬ | ৯ | ৯ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৯ | ৯ |
| | | [৩.২] উৎপাদনশীলতা বিষয়ক গবেষণা সম্পাদন | [৩.২.১] প্রস্তুতকৃত গবেষণা প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |
| [৪] উৎপাদনশীলতা বিষয়ক নীতি নির্ধারণে সুপারিশ প্রদান | ১০ | [৪.১] জাতীয় উৎপাদনশীলতা পরিষদের সভা আয়োজন | [৪.১.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ১ | ২ | ১ | - | - | - | ১ | ১ |
| | | [৪.২] উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভা আয়োজন | [৪.২.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪ | ২ | ৪ | ৩ | ২ | - | | ৩ | ৩ |
| | | [৪.৩] সেক্টর ভিত্তিক উপদেষ্টা কমিটির সভা আয়োজন | [৪.৩.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮ | ২ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| [৫] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ১০ | [৫.১] কর্মকর্তাগণের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন | [৫.১.১]কর্মকর্তাগণের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা প্রণীত | সমষ্টি | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | ১০০ | ১০০ |
| | | [৫.২] জনবলের সক্ষমতা বৃদ্ধি | [৫.২.১] দেশে প্রশিক্ষণ গ্রহণের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০ | ৭ | ২০ | ১৫ | ১২ | ১০ | | ২৫ | ৩০ |
| | | | [৫.২.২] বিদেশে প্রশিক্ষণ গ্রহণের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৫ | ২৯ | ২০ | ১৮ | ১৫ | ১২ | | ১৭ | ২০ |
| | | [৫.৩] শূন্য পদ পূরণ | [৫.৩.১] শূন্য পদ পূরণের হার | সমষ্টি | % | ১ | ৮০ | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৮৫ | ৯০ |

*সাময়িক

## সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্য মাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ৩ | | | | | | | | | |


DRAFT


## উৎপাদনশীলতা উন্নয়নে এনপিও’র প্রশিক্ষণ কার্যক্রম

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সরকারি/বেসরকারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে নিয়মিতভাবে “উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল, কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন, প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন, অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা ও পণ্যের গুণগত মান উন্নয়ন, শিল্প উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারণ, কোয়ালিটি ব্যবস্থাপনা, কারখানা পর্যায়ে প্রতিযোগিতামূলক উৎপাদনশীলতা ও সবুজ উৎপাদনশীলতা” শীর্ষক শিরোনামে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। দেশের বিভিন্ন শিল্প/সেবা প্রতিষ্ঠানে ২০২২-২৩ অর্থবছরের ৫০টি প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করার মাধ্যমে ১৭৪৯ জন প্রশিক্ষণার্থীদেরকে উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন কলাকৌশলের প্রশিক্ষণ প্রদান করা হয়।

| সেক্টর | রসায়ন ও ট্যানারী | হোটেল, রেস্টুরেন্ট, গ্যাস, পানি ও বিদ্যুৎ | প্রকৌশল | শিক্ষা, স্বাস্থ্য ও আইটি | ক্ষুদ্র ও কুটির | চিনি ও খাদ্য | বস্ত্র | কৃষি | পাট | পরিবহন, যোগাযোগ ও পর্যটন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রশিক্ষণের সংখ্যা | ০৯ | ৩ | ০৬ | ০৪ | ০৫ | ০৩ | ০৪ | ০৫ | ০৫ | ০৬ |
| প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৩৮০ | ৯০ | ১৫০ | ১৬০ | ১৫৫ | ৯১ | ১৮০ | ২৬৫ | ১২৬ | ১৫১ |

সেক্টরভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের চিত্র








## ২০১৫-১৬ হতে ২০২২-২৩ অর্থ বছরে সম্পাদিত প্রশিক্ষণ কর্মসূচির বিবরণ:

| কার্যক্রম | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রশিক্ষণ কোর্সের সংখ্যা | ৩৭ | ৫৩ | ৫৭ | ৬১ | ৪৯ | ৫৮ | ৭০ | ৫০ |
| প্রশিক্ষণার্থীর সংখ্যা | ১৫৭৭ | ১৭৬২ | ১৮৪১ | ১৮২৫ | ১৬৯৪ | ১৯৮৭ | ২১১৩ | ১৭৪৯ |

**২০১৫-১৬ হতে ২০২২-২৩ অর্থ বছরের প্রশিক্ষণ কোর্সের চিত্র**




## <u>২০২২-২০২৩ অর্থ বছরের প্রশিক্ষণের তালিকা;</u>

| ক্রমিক নং | প্রশিক্ষণের শিরোনাম | বাস্তবায়নের তারিখ | প্রশিক্ষণার্থির সংখ্যা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | সেক্টরের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন | ২৬-২৮ জুলাই ২০২২ | ২৫ জন | ডিওপি ফার্টিলাইজার কোম্পানি লিঃ, চট্টগ্রাম | রসায়ণ |
| ২। | সেবা সেক্টরের আওতাধীন আবাসিক হোটেল ও রিসোর্টের সেবার গুণগতমান উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৪-৫ আগষ্ট ২০২২ | ৩১ জন | হোটেল টাওয়ার ইন চট্টগ্রাম | পর্যটন, পরিবহন ও যোগাযোগ |
| ৩। | উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল | ২৬-২৭ জুলাই ২০২২ | ৩১ জন | ফরিদপুর সুগার মিলস লিঃ ফরিদপুর | চিনি ও খাদ্য শিল্প সেক্টর |
| ৪। | উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল | ৩-৪ আগষ্ট ২০২২ | ৩০ জন | ঠাঁকুরগাঁও সুগার মিলস লিঃ, ঠাঁকুরগাও | চিনি ও খাদ্য শিল্প সেক্টর |
| ৫। | 5s বাস্তবায়নের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন | ২৯-৩০ জুলাই ২০২২ | ৩০ জন | ইউনিফ্রেম বিস্কিট এন্ড এগ্রো ফুড লি:, বিসিক শিল্প এলাকা, মৌলভী বাজার | বস্ত্র শিল্প সেক্টর |
| ৬। | শিক্ষা সেক্টরের উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল | ৩-৪ আগষ্ট ২০২২ | ৪০ জন | রাজশাহী সুগার মিলস উচ্চ বিদ্যালয়, হরিয়ালা, রাজশাহী | শিক্ষা ও স্বাস্থ্য সেক্টর |
| ৭। | জাপানি 5s পদ্ধতির ব্যবহারিক কৌশল | ২৭-২৮ জুলাই ২০২২ | ৩০ জন | বিএসটিআই, খুলনা | কৃষি সেক্টর |
| ৮। | উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক | ১০-১১ আগষ্ট ২০২২ | ২২ জন | বেঙ্গাল বিস্কুট লিঃ, কাউনিয়া, বরিশাল | ক্ষুদ্র ও কুটির শিল্প |
| ৯। | উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে পরামর্শ সেবা প্রদান | ১৬-১৭ আগষ্ট ২০২২ | ৩২ জন | ইউফোরিয়া এ্যাপারেলস লিঃ, সাভার | কৃষি সেক্টর |
| ১০। | 5s বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি | ৩১ আগষ্ট-০১ সেপ্টেম্বর | ১০০ জন | হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি দিনাজপুর | কৃষি সেক্টর |
| ১১। | উৎপাদনশীলতা উন্নয়ন | ১১-১২ সেপ্টেম্বর ২০২২ | ২৫ জন | আবুল খায়ের ফুড এন্ড বেভারেজ, আবুল খায়ের গ্রুপ, চট্টগ্রাম | কৃষি সেক্টর |
| ১২। | সম্পদের দক্ষ ও কার্যকরী ব্যবহার নিশ্চিতকরণে পাটকলের উৎপাদনশীলতা বৃদ্ধি | ১০-১১ আগষ্ট ২০২২ | ২৬ জন | নওয়াব আব্দুল মালেক জুট মিলস (বিডি) লিঃ, কাঁচপুর, নারায়ণগঞ্জ | পাট সেক্টর |
| ১৩। | সম্পদের দক্ষ ও কার্যকরী ব্যবহার নিশ্চিতকরণে পাটকলের উৎপাদনশীলতা বৃদ্ধি | ১৬-১৭ আগষ্ট ২০২২ | ২১ জন | সমশের জুট মিলস, শিবপুর, নরসিংদী | পাট সেক্টর |
| ১৪। | শিক্ষা প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল | ১০-১১ আগষ্ট ২০২২ | ৪০ জন | কেরু উচ্চ বিদ্যালয়, দর্শনা, চুয়াডাঙ্গা | শিক্ষা ও স্বাস্থ্য সেক্টর |
| ১৫। | উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে পরামর্শ সেবা প্রদান | ৩০-৩১ আগষ্ট ২০২২ | ৪০ জন | আলফা এগ্রো লিঃ, আটলড়া, রাজেন্দ্রপুর, গাজীপুর | বস্ত্র শিল্প সেক্টর |
| ১৬। | লীন ম্যানুফ্যাকচারিং সিস্টেম প্রশিক্ষণ | ১৪-১৬ সেপ্টেম্বর ২০২২ | ৩০ জন | করনী নীট কম্পোজিট লিঃ, রতনপুর, শফীপুর, গাজীপুর | বস্ত্র শিল্প সেক্টর |
| ১৭। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ৩-৫ সেপ্টেম্বর ২০২২ | ২০ জন | জেনারেল ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিঃ, চট্টগ্রাম | প্রকৌশল শিল্প সেক্টর |
| ১৮। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ১৩-১৫ সেপ্টেম্বর ২০২২ | ১৭ জন | এটলাস বাংলাদেশ লিঃ, গাজিপুর | প্রকৌশল শিল্প সেক্টর |
| ১৯। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ২০-২২ সেপ্টেম্বর ২০২২ | ১৮ জন | ইস্টার্ন ক্যাবলস লিঃ | প্রকৌশল শিল্প সেক্টর |
| ২০। | 5s ও Kaizen | ১০-১৩ অক্টোবর ২০২২ | ৩০ জন | নাহার এগ্রো, চট্টগ্রাম | কৃষি ও সেবা শিল্প সেক্টর |
| ২১। | উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল | ৫-৮ ডিসেম্বর ২০২২ | ৩০ জন | ডাচ বাংলা প্যাক লিঃ, বালুয়াকান্দি, গজারিয়া | চিনি ও খাদ্য শিল্প সেক্টর |
| ২২। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ২৫-২৭ অক্টোবর ২০২২ | ২৫ জন | প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ | প্রকৌশল শিল্প সেক্টর |
| ২৩। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ৯-১০ নভেম্বর ২০২২ | ৩৩ জন | নিটল কার্টিস পেপার লিঃ, চ্যাতব | প্রকৌশল শিল্প সেক্টর |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৪। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ৪-৮ ডিসেম্বর ২০২২ | ২৯ জন | আব্দুল্লাহ ব্যাটারি কোম্পানী লিঃ, শিরোমনি, খুলনা | প্রকৌশল শিল্প সেক্টর |
| ২৫। | সম্পদের দক্ষ ও কার্যকরী ব্যবহার নিশ্চিতকরণে পাটকলের উৎপাদনশীলতা বৃদ্ধি | ১৬-১৭ নভেম্বর ২০২২ | ২১ জন | হাসান জুট মিলস বগুড়া | পাট সেক্টর |
| ২৬। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ৫-৭ ফেব্রুয়ারি ২০২৩ | ৩০ জন | চট্টগ্রাম ড্রাই ডক লিঃ, চট্টগ্রাম | প্রকৌশল শিল্প সেক্টর |
| ২৭। | উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল | ১৫-১৭ জানুয়ারি ২০২৩ | ৩০ জন | বিসিক, যশোর | ক্ষুদ্র ও কুটির শিল্প |
| ২৮। | উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল | ২৩-২৭ জানুয়ারি ২০২৩ | ৩০ জন | বিসিক, কক্সবাজার | ক্ষুদ্র ও কুটির শিল্প |
| ২৯। | উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল | ১৫-১৬ ফেব্রুয়ারি ২০২৩ | ২৮ জন | এস এম ফার্ণিচার, আগ্রাবাদ, চট্টগ্রাম | ক্ষুদ্র ও কুটির শিল্প |
| ৩০। | আবাসিক হোটেল ও রিসোর্টের সেবার গুণগতমান উন্নয়ণ ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ১০-১১ অক্টোবর ২০২২ | ৪১ জন | হোটেল সী পাল, কক্সবাজার | পর্যটন ও পরিবহণ |
| ৩১। | কারখানা পর্যায়ে প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন | ২০-২২ নভেম্বর ২০২২ | ৯০ জন | অপসোনিন ফার্মা লিঃ, বরিশাল | রসায়ণ |
| ৩২। | অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন | ৪-৫ ডিসেম্বর ২০২২ | ২৯ জন | যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিঃ, সরিষাবাড়ী, জামালপুর | রসায়ণ |
| ৩৩। | লীন ম্যানুফ্যাকচারিং সিস্টেম | ৫-৭ ফেব্রুয়ারি ২০২৩ | ৬০ জন | আরএসবি ইন্টারন্যাশনাল লিঃ, সিইপিজেড, চট্টগ্রাম | বস্ত্র শিল্প সেক্টর |
| ৩৪। | শিক্ষা প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল | ১২-১৪ ফেব্রুয়ারি ২০২৩ | ৪০ জন | চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার স্কুল এন্ড কলেজ, আনোয়ারা চট্টগ্রাম | স্কুল ও আইটি শিল্প সেক্টর |
| ৩৫। | শিক্ষা প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল | ২৮ ফেব্রুয়ারি-০১ মার্চ ২০২৩ | ৪০ জন | ঠাকুরগাঁও চিনিকল উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাও | স্কুল ও আইটি শিল্প সেক্টর |
| ৩৬। | কাইজেন প্রয়োগের মাধ্যমে প্রতিষ্ঠান পর্যায়ে উৎপাদনশীলতা ও পণ্যের গুণগতমান বৃদ্ধি | ২৪-২৬ জানুয়ারি ২০২৩ | ৩১ জন | জামান জুট ডাইভারসিফাইড মিলস লিঃ, ঝিনাইদহ | পাট সেক্টর |
| ৩৭। | অপচয় রোধের মাধ্যমে পাটকলের উৎপাদনশীলতা ও পণ্যের গুণগতমান বৃদ্ধি | ৩১ জানুয়ারি-০২ ফেব্রুয়ারি ২০২৩ | ২৭ জন | জাতীয় জুট মিলস লিঃ, সিরাজগঞ্জ | পাট সেক্টর |
| ৩৮। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ৫-৭ মার্চ ২০২৩ | ২৩ জন | বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, পঞ্চগড় | প্রকৌশল শিল্প সেক্টর |
| ৩৯। | উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ১৭ ফেব্রুয়ারি-০১ মার্চ ২০২৩ | ১৭ জন | অধরা স্কীল ডেভেলপমেন্ট ট্রেনিং ইনস্টিটিউট, মাওনা, গাজীপুর | প্রকৌশল শিল্প সেক্টর |
| ৪০। | অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন | ২০-২১ ডিসেম্বর ২০২২ | ২৫ জন | টিএসপি কমপ্লেক্স চট্টগ্রাম | রসায়ণ ও ট্যানারী |
| ৪১। | উৎপাদনশীলতা উন্নয়নে টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট | ১১-১২ জানুয়ারি ২০২৩ | ৩০ জন | শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিঃ, ফেঞ্চুগঞ্জ, সিলেট | রসায়ণ ও ট্যানারী |
| ৪২। | উৎপাদনশীলতা উন্নয়নে টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট | ১৮-১৯ জানুয়ারি ২০২৩ | ৫০ জন | কর্ণফুলি পেপার মিলস লিঃ, কাপ্তাই, রাঙ্গামাটি | রসায়ণ ও ট্যানারী |
| ৪৩। | উৎপাদনশীলতা উন্নয়নে টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট | ২৫-২৬ জানুয়ারি ২০২৩ | ২৭ জন | আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কোম্পানি লিঃ, ব্রাক্ষনবাড়ীয়া | রসায়ণ ও ট্যানারী |
| ৪৪। | প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন | ২২-২৩ ফেব্রুয়ারি ২০২৩ | ২২ জন | কর্ণফুলি ফার্টিলাইজার কোম্পানী লিঃ, কাফকো, চট্টগ্রাম | রসায়ণ ও ট্যানারী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৫। | উৎপাদনশীলতা উন্নয়নে টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট | ২২-২৩ ফেব্রুয়ারি ২০২৩ | ২২ জন | শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিঃ, সিলেট | রসায়ণ ও ট্যানারী |
| ৪৬। | পশুপালন ও দুগ্ধ উৎপাদনে উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল | ১২-১৩ মার্চ ২০২৩ | ৪০ জন | ময়মনসিংহ অর্গানিক এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ, ময়মনসিংহ | লেদার ও ট্যানারী |
| ৪৭। | পরামর্শ সেবা (কাইজেন) | ২২-২৪ ফেব্রুয়ারি ২০২৩ | ২৫ জন | জনতা ইঞ্জিনিয়ারিং, চুয়াডাঙ্গা | ক্ষুদ্র ও কুটির শিল্প |
| ৪৮। | উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | ৫-৬ মার্চ ২০২৩ | ৪৮ জন | স্কয়ার ফুড এন্ড বেভারেজ | ক্ষুদ্র ও কুটির শিল্প |
| ৪৯। | কাইজেন ও উৎপাদনশীলতা উন্নয়ন | ১৪-১৬ মার্চ ২০২৩ | ২৮ জন | ইফাদ মাল্টিপ্রোডাকটস লিঃ, সাভার | কৃষি ও সেবা |
| ৫০। | কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে জাপানী 5s পদ্ধতির ব্যবহারিক কৌশল বাস্তবায়ন | ৭-৮ ডিসেম্বর ২০২২ | ১০০ জন | বেক্সিমকো ফার্মাসিউটিক্যাল লিঃ, গাজীপুর | রসায়ণ |

DRAFT

# উৎপাদনশীলতা উন্নয়নে এনপিও’র প্রশিক্ষণের  সচিত্র প্রতিবেদন

চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড, পূর্ব পতেঙ্গা, চট্রগ্রাম **“উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল”** শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির প্রতিবেদন

১। কোর্স বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড, পূর্ব পতেঙ্গা, চট্রগ্রাম এর যৌথ উদ্যোগে গত ০৫-০৭ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ ০৩ দিন ব্যাপী “উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী, পূর্ব পতেঙ্গা, চট্রগ্রাম-এ অনুষ্ঠিত হয় । কোর্সের তারিখ: গত ০৫-০৭ ফেব্রুয়ারি, ২০২৩ । কোর্স সমন্বয়কারী: মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, এনপিও। রিসোর্স স্পিকার: মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার,: জনাব মো: মেহেদি হাসান, রিসার্চ অফিসার, এবং জনাব মো: মনিরুজ্জামান, রিসার্চ অফিসার। প্রতিবেদন লিখন/রিপোর্টিং : জনাব মো: মনিরুজ্জামান, রিসার্চ অফিসার, এনপিও।

কোর্সের উদ্দেশ্য: চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড, চট্রগ্রাম এর কর্মরত কর্মকর্তাদের উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক আধুনিক কলাকৌশলের যথাযথ ব্যবহার সম্পর্কে ধারণা প্রদান ।

**উদ্বোধনী অনুষ্ঠান** : প্রধান অতিথি: জনাব মুহম্মদ মেসবাহুল আলম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), এনপিও শিল্প মন্ত্রণালয়। বিশেষ অতিথি: কমোডর এম মাকসুদ আলম (ই), বিএসপি, এনইউপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি,  পিএসসি, বিএন, ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড, পূর্ব পতেঙ্গা, চট্রগ্রাম। সভাপতি: ক্যাপ্টেন মাহবুবুর রশিদ, (এল), পিএসসি, বিএনপরিচালক (প্রশাসন ও মানবসম্পদ), চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড, পূর্ব পতেঙ্গা, চট্রগ্রাম। কোর্স সমন্বয়কারী: মোছাম্মৎ ফাতেমা বেগম উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও শিল্প মন্ত্রণালয়।


**উদ্বোধনী বক্তব্য:**

প্রশিক্ষণ কোর্সটির সভাপতিত্ব করেন চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড এর পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) ক্যাপ্টেন মাহবুবুর রশিদ, (এল), পিএসসি, বিএন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক কমোডর এম মাকসুদ আলম (ই), বিএসপি, এনইউপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, বিএন এবং কোর্স সমন্বয়কারী ছিলেন মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, এনপিও। তিনি সূচনা বক্তব্যের প্রথমেই এনপিও’র পরিচিতি তুলে ধরেন। তিনি বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি সরকারি বিশেষায়িত দপ্তর। এ দপ্তর জাতীয় পর্যায়ের উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা মতে প্রতিবছর ২রা অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন এবং দেশের শ্রেষ্ঠ শিল্প/সেবা প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান করা হয়। তিনি আরো জানান, বর্ণিত প্রশিক্ষণ কোর্সটির  মূল্যায়ন করা হয়ে থাকে দুই উপায়ে ক) প্রশিক্ষণ পূর্ব মূল্যায়ন এবং খ) প্রশিক্ষণোত্তর মূল্যায়ন। উদ্বোধনী অনুষ্ঠানের বিশেষ অতিথি ব্যবস্থাপনা পরিচালক কমোডর এম মাকসুদ আলম (ই), বিএসপি, এনইউপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, বিএন তাঁর বক্তৃতায় বলেন, “করোনা বিপর্যস্ত অর্থনীতিকে চাঙ্গা এবং শিল্প-কারখানায় উৎপাদন বাড়াতে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই। বর্তমান তীব্র প্রতিযোগিতামূলক বিশ্বে আমাদের শিল্পখাতকে আরও বিকশিত ও এগিয়ে নিতে হলে উৎপাদনশীলতার চর্চা করতে হবে। সম্পদের সুষ্ঠু ও কার্যকর ব্যবহার এবং পণ্য ও সেবার মান উন্নয়নে উৎপাদনশীলতাই একমাত্র উপায়। এছাড়া, প্রশিক্ষণ কোর্সটিতে রাখা বিভিন্ন বিষয়ের প্রয়োজনীয়তা বর্ণনা করে কোর্সটির সার্বিক সাফল্য কামনা করেন। পরিশেষে, এনপিও’র কর্মকর্তাদের চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড, পূর্ব পতেঙ্গা, চট্রগ্রাম-এ আসার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে তিনি কোর্সটির শুভ উদ্বোধন ঘোষণা করেন।



প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত সম্মানিত সভাপতি, প্রধান অতিথি, কোর্স সম্বনয়কারী এবং প্রশিক্ষণার্থীবৃন্দ








**প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চট্রগ্রাম "উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির প্রতিবেদন**

১। কোর্স বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চট্রগ্রাম এর যৌথ উদ্যোগে গত ২৫-২৭ অক্টোবর, ২০২২ তারিখ ০৩ দিন ব্যাপী "উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চট্রগ্রাম-এ অনুষ্ঠিত হয় । ২। কোর্সের তারিখ: ২৫-২৭ অক্টোবর, ২০২২। কোর্স সমন্বয়কারী: মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, এনপিও। ৪। রিসোর্স স্পিকার: মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, জনাব মো: মেহেদি হাসান, রিসার্চ অফিসার, এবং জনাব মো: মনিরুজ্জামান, রিসার্চ অফিসার।

৫। প্রতিবেদন লিখন/রিপোর্টিং : জনাব মো: মনিরুজ্জামান, রিসার্চ অফিসার, পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, এনপিও।

কোর্সের উদ্দেশ্য: প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চট্রগ্রাম এর উৎপাদনশীলতা উন্নয়নে আধুনিক কলাকৌশলের যথাযথ ব্যবহার।
উদ্বোধনী অনুষ্ঠান: প্রশিক্ষণ কোর্সটির সভাপতিত্ব করেন প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চট্রগ্রাম এর উপ-মহাব্যবস্থাপক ও প্রশাসন বিভাগীয় প্রধান জনাব হুমায়ুন কবির, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব শরিফ মোঃ মাসুদ, উপ-সচিব শিল্প মন্ত্রণালয় এবং কোর্স সমন্বয়কারী ছিলেন মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, এনপিও। তিনি সূচনা বক্তব্যের প্রথমেই এনপিও'র পরিচিতি তুলে ধরেন। তিনি বলেন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি সরকারি বিশেষায়িত দপ্তর। এ দপ্তর জাতীয় পর্যায়ের উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা মতে প্রতিবছর ২রা অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন এবং দেশের শ্রেষ্ঠশিল্প/সেবা প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি ব্যবস্থাপনা পরিচালক জনাব শরিফ মোঃ মাসুদ, উপ-সচিব শিল্প মন্ত্রণালয় তাঁর বক্তৃতায় বলেন, "করোনা বিপর্যস্ত অর্থনীতিকে চাঙ্গা এবং শিল্প-কারখানায় উৎপাদন বাড়াতে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই।বর্তমান তীব্র প্রতিযোগিতামূলক বিশ্বে আমাদের শিল্পখাতকে আরও বিকশিত ও এগিয়ে নিতে হলে উৎপাদনশীলতার চর্চা করতে

হবে। সম্পদের সুষ্ঠু ও কার্যকর ব্যবহার এবং পণ্য ও সেবার মান উন্নয়নে উৎপাদনশীলতাই একমাত্র উপায়। এছাড়া, প্রশিক্ষণ কোর্সটিতে রাখা বিভিন্ন বিষয়ের প্রয়োজনীয়তা বর্ণনা করে কোর্সটির সার্বিক সাফল্য কামনা করেন। পরিশেষে, এনপিও'র কর্মকর্তাদের প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড, চট্রগ্রাম-এ আসার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে তিনি কোর্সটির শুভ উদ্বোধন ঘোষণা করেন।



প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত সম্মানিত সভাপতি, প্রধান অতিথি, কোর্স সমন্বয়কারী এবং প্রশিক্ষণার্থীবৃন্দ

নিটল কার্টিস পেপার মিলস লিঃ, ছাতক, সুনামগঞ্জ **"উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল"** শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির প্রতিবেদন

১। **কোর্স বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ** ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং নিটল কার্টিস পেপার মিলস লিঃ, ছাতক, সুনামগঞ্জ এর যৌথ উদ্যোগে গত ০৯-১০ নভেম্বর, ২০২২ তারিখ ০২ দিন ব্যাপী **"উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল"** শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী নিটল কার্টিস পেপার মিলস লিঃ, ছাতক, সুনামগঞ্জ-এ অনুষ্ঠিত হয় ।২। **কোর্সের তারিখ** : ০৯-১০ নভেম্বর, ২০২২ খ্রি:৩। **কোর্স সমন্বয়কারী** : মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, এনপিও।
৪। **রিসোর্স স্পিকার** : মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, জনাব মো: মেহেদি হাসান, রিসার্চ অফিসার, জনাব মো: মনিরুজ্জামান, রিসার্চ অফিসার, এবংএ এফ এম. হাসান-উল-বান্না, পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী। ৫। **প্রতিবেদন লিখন/রিপোর্টিং** : এ এফ এম. হাসান-উল-বান্না, পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, এনপিও। **কোর্সের উদ্দেশ্য:** নিটল কার্টিস পেপার মিলস লিঃ এর উৎপাদনশীলতা উন্নয়নে আধুনিক কলাকৌশলের যথাযথ ব্যবহার।

**উদ্বোধনী অনুষ্ঠান:** প্রশিক্ষন কোর্সটির সভাপতিত্ব করেন নিটল কার্টিস পেপার মিলস লিঃ, ছাতক, সুনামগঞ্জ এর সিনিয়র ম্যানেজার জনাব এ.জে.এম মোসলেম উদ্দীন খান। কোর্স সমন্বয়কারী ছিলেন মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, এনপিও। তিনি সূচনা বক্তব্যের প্রথমেই এনপিও'র পরিচিতি তুলে ধরেন। তিনি বলেন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি সরকারি বিশেষায়িত দপ্তর। এ দপ্তর জাতীয় পর্যায়ের উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা মতে প্রতিবছর ২রা অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন এবং দেশের শ্রেষ্ঠশিল্প/সেবা প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে প্রতিষ্ঠানটির ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ আব্দুল কাইয়ুম তাঁর বক্তৃতায় বলেন, "করোনা বিপর্যস্ত অর্থনীতিকে চাঙ্গা এবং শিল্প-কারখানায় উৎপাদন বাড়াতে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই।বর্তমান তীব্র প্রতিযোগিতামূলক বিশ্বে আমাদের শিল্পখাতকে আরও বিকশিত ও এগিয়ে নিতে হলে উৎপাদনশীলতার চর্চা করতে হবে। সম্পদের সুষ্ঠু ও কার্যকর ব্যবহার এবং পণ্য ও সেবার মান উন্নয়নে উৎপাদনশীলতাই

একমাত্র উপায়। এছাড়া, প্রশিক্ষন কোর্সটিতে রাখা বিভিন্ন বিষয়ের প্রয়োজনীয়তা বর্ণনা করে কোর্সটির সার্বিক সাফল্য কামনা করেন। পরিশেষে, এনপিও'র কর্মকর্তাদের নিটল কার্টিস পেপার মিলস লিঃ, ছাতক, সুনামগঞ্জ-এ আসার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে তিনি কোর্সটির শুভ উদ্বোধন ঘোষণা করেন।




প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত সম্মানিত কোর্স সমন্বয়কারী, এবং প্রশিক্ষণার্থীবৃন্দ

## আব্দুল্লা ব্যাটারি কোম্পানি লিমিটেড, শিরোমনি, খুলনা **"উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল"** শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির প্রতিবেদন

**১। কোর্স বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ** ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং আব্দুল্লা ব্যাটারি কোম্পানি লিমিটেড, শিরোমনি, খুলনা এর যৌথ উদ্যোগে গত ০৫-০৭ ডিসেম্বর, ২০২২ তারিখ ০৩ দিন ব্যাপী **"উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল"** শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী অ্যাওয়ার্ড- এ অনুষ্ঠিত হয় । **২। কোর্সের তারিখ** : গত ০৫-০৭ ডিসেম্বর, ২০২২ খ্রি: **৩। কোর্স সমন্বয়কারী** : মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, এনপিও। **৪। রিসোর্স স্পিকার** : মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, জনাব মো: মেহেদি হাসান, রিসার্চ অফিসার,জনাব মো: মনিরুজ্জামান, রিসার্চ অফিসার।

**৫। প্রতিবেদন লিখন/রিপোর্টিং :** জনাব মো: মনিরুজ্জামান, রিসার্চ অফিসার, এনপিও।

**কোর্সের উদ্দেশ্য:** আব্দুল্লা ব্যাটারি কোম্পানি লিমিটেড, শিরোমনি, খুলনা এর উৎপাদনশীলতা উন্নয়নে আধুনিক কলাকৌশলের যথাযথ ব্যবহার।

**উদ্বোধনী অনুষ্ঠান:** প্রশিক্ষন কোর্সটির সভাপতিত্ব করেন আব্দুল্লা ব্যাটারি কোম্পানি লিমিটেড, শিরোমনি, খুলনা এর সহকারি মহাব্যবস্থাপক মানবসম্পদ প্রশাসন ও কমপ্লায়েন্স জনাব মইন উদ্দীন সানা। কোর্স সমন্বয়কারী ছিলেন মোছাম্মৎ ফাতেমা বেগম, সিনিয়র রিসার্চ অফিসার, এনপিও। তিনি সূচনা বক্তব্যের প্রথমেই এনপিও'র পরিচিতি তুলে ধরেন। তিনি বলেন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি সরকারি বিশেষায়িত দপ্তর। এ দপ্তর জাতীয় পর্যায়ের উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা মতে প্রতিবছর ২রা অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন এবং দেশের শ্রেষ্ঠশিল্প/সেবা প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে প্রতিষ্ঠানটির পরিচালক হ্যামকো গ্রুপ জনাব কবীর হোসেন তাঁর বক্তৃতায় বলেন, "করোনা বিপর্যস্ত অর্থনীতিকে চাঙ্গা এবং শিল্প-কারখানায় উৎপাদন বাড়াতে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই।বর্তমান তীব্র প্রতিযোগিতামূলক বিশ্বে আমাদের শিল্পখাতকে আরও বিকশিত ও এগিয়ে নিতে হলে উৎপাদনশীলতার চর্চা করতে হবে। সম্পদের সুষ্ঠু ও কার্যকর ব্যবহার এবং পণ্য ও সেবার মান উন্নয়নে উৎপাদনশীলতাই একমাত্র উপায়। এছাড়া, প্রশিক্ষণ কোর্সটিতে রাখা বিভিন্ন বিষয়ের প্রয়োজনীয়তা বর্ণনা করে কোর্সটির সার্বিক সাফল্য কামনা করেন।

পরিশেষে, এনপিও'র কর্মকর্তাদের আব্দুল্লা ব্যাটারি কোম্পানি লিমিটেড, শিরোমনি, খুলনা-এ আসার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে তিনি কোর্সটির শুভ উদ্বোধন ঘোষণা করেন।




প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত সম্মানিত কোর্স সমন্বয়কারী, এবং প্রশিক্ষণার্থীবৃন্দ

## ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং ডাচ বাংলা প্যাক লিমিটেড, বালুকান্দি, গজারিয়া, মুন্সিগঞ্জ কর্তৃক আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল"শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির প্রতিবেদন

গত ০৬-০৭ ডিসেম্বর, ২০২২ইং তারিখে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয় এবং ডাচ বাংলা প্যাক লিমিটেড, বালুকান্দি, গজারিয়া, মুন্সিগঞ্জ এর যৌথ উদ্যোগে **"উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল"** শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হয় ।





উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখছেন জনাব মোঃ আবুল বাশার, ব্যবস্থাপনা পরিচালক, ডাচ বাংলা প্যাক লিমিটেড

**“উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল”** শীর্ষক প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল বাশার, ব্যবস্থাপনা পরিচালক, ডাচ বাংলা প্যাক লিমিটেড । প্রশিক্ষণে কোর্স সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও। এছাড়া প্রশিক্ষণে এনপিও হতে জনাব মোঃ আকিবুল হক, গবেষণা কর্মকর্তা ও জনাব এস. এম. জসীম উদ্দীন, পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী এবং ডাচ বাংলা প্যাক লিমিটেড এর ২৮ জন প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন এনপিও এবং ডাচ বাংলা প্যাক লিমিটেড এর যৌথ উদ্যোগে আয়োজিত ০২ (দুই) দিন ব্যাপী **“উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল”** শীর্ষক প্রশিক্ষণটির মাধ্যমে অংশগ্রহণকারী সকলেই উৎপাদনশীলতা বৃদ্ধির দিক নির্দেশনা পাবেন। তিনি আরোও বলেন, প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম, প্রশিক্ষণের মাধ্যমে জ্ঞান এক জায়গা থেকে অন্য জায়গায় স্থানন্তরিত হয়। যারা উৎপাদনশীলতা বিষয়ক এই প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করছেন তারা রিসোর্স পার্সনদের কাছ থেকে আহরিত জ্ঞান কর্মক্ষেত্রে কাজে লাগালে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা থাকবে। তিনি প্রশিক্ষণার্থীগণকে বলেন প্রশিক্ষণ হতে উৎপাদনশীলতা বৃদ্ধির বিভিন্ন যুগোপযোগী যে দিক নির্দেশনা পাবে তা নিজ প্রতিষ্ঠানে কাজে লাগালে অবশ্যই উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। সেজন্য তিনি সকল প্রশিক্ষণার্থীদের মনোযোগ ও আন্তরিকতার সাথে কোর্সটি সম্পন্ন করার অনুরোধ জানান।

**এনপিও'র গবেষণা কর্মকর্তা** জনাব মোঃ আকিবুল হক **তাঁর বক্তব্যে বর্তমানে তীব্র প্রতিযোগিতামূলক বিশ্বে শিল্প কারখানা থেকে শুরু করে যে কোন ব্যবসা বাণিজ্য ও সেবা দানকারী প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই বলে উল্লেখ করেন। সম্পদের দক্ষ ও কার্যকর ব্যবহার নিশ্চিত করাই হচ্ছে উৎপাদনশীলতা। তিনি আরো বলেন,** শিল্প প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে অপচয় রোধের মাধ্যমে অধিক গুণগত মানসম্পন্ন পণ্য তৈরি ও সেবা প্রদান করে অধিকতর গ্রাহক সৃষ্টি করা যায়, যা প্রতিষ্ঠানের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। **তিনি বিভিন্ন** দেশের উদাহরণ দিয়ে উৎপাদনশীলতা বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণার্থীদের উদ্বুদ্ধ করেন এবং প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান কর্মক্ষেত্রে এবং ব্যক্তি জীবনে প্রয়োগে সবাইকে আহবান জানান।

**প্রশিক্ষণ কর্মসূচিতে রিসোর্স পারসন হিসেবে পেপার উপস্থাপন করেন :**

০১। জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও।
০২। জনাব মোঃ আকিবুল হক, গবেষণা কর্মকর্তা, এনপিও।
০৩। জনাব এস.এম. জসীম উদ্দীন, পরিসংখ্যান তথ্যানুসন্ধান





প্রশিক্ষণে ডাচ বাংলা প্যাক লিমিটেড- এর ২৮ জন কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করে। প্রশিক্ষণে উৎপাদনশীলতার মূল ধারণা, উৎপাদনশীলতা উন্নয়নে 5S এর প্রয়োগ, অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন,

উৎপাদনশীলতা উন্নয়নে ব্রেইনষ্টর্মিং এর মাধ্যমে সমস্যা চিহ্নিত করণ ও সমস্যা সমাধানের প্রক্রিয়ার বিষয়ে ধারনা প্রদান করা হয়। ডাচ বাংলা প্যাক লিমিটেড- এর উৎপাদনশীলতা বৃদ্ধির প্রধান সমস্যা গুলো কি কি তা চিহ্নিতকরণে প্রতিষ্ঠানটির কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ব্রেইনষ্টর্মিং সেশন পরিচালনা করা হয় যেখানে:

**প্রথম ধাপে:** ২২ টি সমস্যা চিহ্নিত করা হয়।

**দ্বিতীয় ধাপে:** ২২ টি সমস্যার মধ্য থেকে ০৫ টি প্রধান সমস্যা চিহ্নিত করা হয়।

**তৃতীয় ধাপে:** ০৫ টি প্রধান সমস্যার একটির সাথে আপরটির তুলনা করে সমস্যা গুলোর অগ্রাধিকার চিহ্নিত করা হয়।

## ফরিদপুর চিনিকল লিঃ, ফরিদপুর এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল'' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির প্রতিবেদন।

গত ২৬-২৭ জুলাই, ২০২২ ইং তারিখে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং ফরিদপুর চিনিকল লিঃ, ফরিদপুর এর যৌথ উদ্যোগে আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল'' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিটি বাস্তবায়ন করা হয়।

"উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব মুহম্মদ মেসবাহুল আলম উপস্থিত থাকার কথা থাকলেও জরুরি রাষ্ট্রীয় কাজে যোগদান করার কারণে তিনি উপস্থিত থাকতে পারেননি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জনাব সেলিনা আক্তার, ভারঃমহাব্যবস্থাপক(প্রশিক্ষণ), বিএসএফআইসি এবং সভাপতি হিসেবে ফরিদপুর চিনিকল লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ খবির উদ্দিন মোল্যা উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে কোর্স সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও। প্রশিক্ষণে ফরিদপুর সুগার মিলস লিমিটেড এর ৩১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।





উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখছেন জনাব মোহাম্মদ খবির উদ্দিন মোল্যা, ব্যবস্থাপনা পরিচালক, ফরিদপুর চিনি কল এবং জনাব সেলিনা আক্তার, ভারঃমহাব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিএসএফআইসি

কোর্স সমন্বয়কারী তার স্বাগত বক্তব্যে বলেন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কার্যক্রম পরিচালনার জন্য একটি পেশাদারী সরকারি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান উৎপাদনশীলতা উন্নয়নের মাধ্যমে সরকারি-বেসরকারি বিভিন্ন শিল্প কারখানাকে দক্ষ, উৎপাদনশীল এবং বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগিতামূলক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে নিয়মিতভাবে বহুমুখী কার্যক্রম পরিচালনা করে থাকে যার মধ্যে প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা আয়োজন, গবেষণামূলক প্রতিবেদন তৈরি, কনসালটেন্সী সেবা, সচেতনতা প্রচারাভিযান প্রভৃতি উল্লেখযোগ্য।

বিশেষ অতিথি জনাব সেলিনা আক্তার, ভারঃমহাব্যবস্থাপক(প্রশিক্ষণ), বিএসএফআইসি তার বক্তব্যে বলেন, উৎপাদন এবং উৎপাদনশীলতা বিষয় ২টি ভিন্নতা বোঝার ক্ষেত্রে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালিত প্রশিক্ষণ চিনিকলের কর্মীদের জানার পরিধি বিস্তৃত করবে। প্রশিক্ষণ কর্মীদের আরো দক্ষ এবং পরিণত করে। তিনি উপস্থিত প্রশিক্ষণার্থীদের মনোযোগ এবং আন্তরিকতার সাথে প্রশিক্ষণে অংশগ্রন করতে উৎসাহ দেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন এনপিও এবং ফরিদপুর চিনিকল এর যৌথ উদ্যোগে আয়োজিত দুই দিন ব্যাপী "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল" শীর্ষক প্রশিক্ষণটির মাধ্যমে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীরা উৎপাদনশীলতা বৃদ্ধির অনেক দিক নির্দেশনা পাবে। তিনি বলেন শুধু উৎপাদন বাড়ালেই চলবে না, প্রতিষ্ঠানের উন্নতির জন্য উৎপাদনশীলতা বৃদ্ধি অপরিহার্য। তিনি প্রশিক্ষণার্থীগণকে বলেন যে, প্রশিক্ষণ হতে উৎপাদনশীলতা বৃদ্ধির বিভিন্ন যুগোপযোগী দিক নির্দেশনা পাওয়া যাবে তা নিজ প্রতিষ্ঠানে কাজে লাগালে অবশ্যই উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। তিনি সকল প্রশিক্ষণার্থীদের মনোযোগ ও আন্তরিকতার সাথে প্রশিক্ষণটি সম্পন্ন করার অনুরোধ জানান কারণ এর মাধ্যমে তারা আরো দক্ষ হয়ে গড়ে উঠবে। প্রশিক্ষণে উৎপাদনশীলতার মূল ধারণা, উৎপাদনশীলতা উন্নয়নে ফাইভএস এর প্রয়োগ, উৎপাদনশীলতা উন্নয়নে কাইজেন এর ভূমিকা, অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন এবং সমস্যা নির্ণয়ে ডায়াগনোসিস পদ্ধতির প্রয়োগ ইত্যাদি বিষয়ে ধারণা প্রদান করা হয়।

DRAFT

## ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং **ঠাকুরগাঁও চিনিকল লিঃ, ঠাকুরগাঁও** কর্তৃক আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল'' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির প্রতিবেদন।

গত ০৩-০৪ আগস্ট, ২০২২ ইং তারিখে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং ঠাকুরগাঁও চিনিকল লিঃ, ঠাকুরগাঁও এর যৌথ উদ্যোগে আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল'' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিটি বাস্তবায়ন করা হয়।

"উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঠাকুরগাঁও চিনিকল লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ শাহজাহান কবির উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও চিনি কলের মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব সাইফুল ইসলাম। প্রশিক্ষণে কোর্স সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও। প্রশিক্ষণে ঠাকুরগাঁও সুগার মিলস লিমিটেড এর ৩১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।





উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখছেন জনাব মোঃ শাহজাহান কবির ব্যবস্থাপনা পরিচালক, ঠাকুরগাঁও চিনি কল এবং জনাব সাইফুল ইসলাম, মহাব্যবস্থাপক (প্রশাসন),ঠাকুরগাঁও চিনি কল

কোর্স সমন্বয়কারী তার স্বাগত বক্তব্যে বলেন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কার্যক্রম পরিচালনার জন্য একটি পেশাদারী সরকারি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান উৎপাদনশীলতা উন্নয়নের মাধ্যমে সরকারি-বেসরকারি বিভিন্ন শিল্প কারখানাকে দক্ষ, উৎপাদনশীল এবং বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগিতামূলক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে নিয়মিতভাবে বহুমুখী কার্যক্রম পরিচালনা করে থাকে যার মধ্যে প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা আয়োজন, গবেষণামূলক প্রতিবেদন তৈরি, কনসালটেন্সী সেবা, সচেতনতা প্রচারাভিযান প্রভৃতি উল্লেখযোগ্য।

ঠাকুরগাঁও চিনি কলের মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব সাইফুল ইসলাম তার বক্তব্যে উৎপাদন এবং উৎপাদনশীলতা বিষয় ২টি ভিন্নতা বোঝার ক্ষেত্রে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালিত প্রশিক্ষণ চিনিকলের কর্মীদের জানার পরিধি বিস্তৃত করবে বলে উল্লেখ করেন। প্রশিক্ষণ কর্মীদের আরো দক্ষ এবং পরিণত করে। তিনি উপস্থিত প্রশিক্ষণার্থীদের মনোযোগ এবং আন্তরিকতার সাথে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে উৎসাহ দেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন এনপিও এবং ঠাকুরগাঁও চিনিকল এর যৌথ উদ্যোগে আয়োজিত দুই দিন ব্যাপী “উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল” শীর্ষক প্রশিক্ষণটির মাধ্যমে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীরা উৎপাদনশীলতা বৃদ্ধির অনেক দিক নির্দেশনা পাবে। তিনি বলেন শুধু উৎপাদন বাড়ালেই চলবে না, প্রতিষ্ঠানের উন্নতির জন্য উৎপাদনশীলতা বৃদ্ধি অপরিহার্য। তিনি প্রশিক্ষণার্থীগণকে বলেন যে, প্রশিক্ষণ হতে উৎপাদনশীলতা বৃদ্ধির বিভিন্ন যুগোপযোগী দিক নির্দেশনা পাওয়া যাবে তা নিজ প্রতিষ্ঠানে কাজে লাগালে অবশ্যই উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। তিনি সকল প্রশিক্ষণার্থীদের মনোযোগ ও আন্তরিকতার সাথে প্রশিক্ষণটি সম্পন্ন করার অনুরোধ জানান কারণ এর মাধ্যমে তারা আরো দক্ষ হয়ে গড়ে উঠবে।

উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তব্য উপস্থাপন করেন :

১। জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও।
২। মিজ ফারজানা হক, গবেষণা কর্মকর্তা, এনপিও।
৩। জনাব এস এম জসীম উদ্দিন, পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, এনপিও।

প্রশিক্ষণে উৎপাদনশীলতার মূল ধারণা, উৎপাদনশীলতা উন্নয়নে ফাইভএস এর প্রয়োগ, উৎপাদনশীলতা উন্নয়নে কাইজেন এর ভূমিকা, অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন এবং সমস্যা নির্ণয়ে ব্রেইন স্টরমিং পদ্ধতির প্রয়োগ ইত্যাদি বিষয়ে ধারণা প্রদান করা হয়।




প্রশিক্ষণে রিসোর্স পারসন উপস্থিত প্রশিক্ষণার্থীদের মাঝে বক্তব্য উপস্থাপন করছেন


প্রশিক্ষণ কর্মসূচির শুরুতে পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী জনাব এস এম জসীম উদ্দিন উৎপাদনশীলতার মূল ধারণা সম্পর্কে আলোচনা করেন। তিনি উৎপাদনশীলতা বাড়লে প্রতিষ্ঠান কিভাবে লাভবান হবে সে সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা দেন । শুধু উৎপাদন বাড়লে যে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বাড়ে না, তা তার বক্তব্যে উল্লেখ করেন। গবেষণা কর্মকর্তা মিজ ফারজানা হক জাপানী ফাইভ এস পদ্ধতির ব্যবহার ও ফাইভএস বাস্তবায়ন করলে যে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি পায় সে সম্পর্কে কিছু দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। পরবর্তীতে ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ আরিফুজ্জামান উৎপাদনশীলতা উন্নয়নে কাইজেন এর ভূমিকা বিষয়ে প্রশিক্ষণার্থীদের ধারণা দেন। দেশের চিনি শিল্পের উন্নয়ন ঘটাতে হলে চিনি কলগুলোর উৎপাদন খরচ কমিয়ে অপচয় রোধ করতে হবে। আর এ ক্ষেত্রে কাইজেন প্রয়োগ উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে বলে প্রশিক্ষকগণ উল্লেখ করেন। শিল্প প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে কিভাবে সময় ও ব্যয়ের সামঞ্জস্য করে কম খরচে অধিক গুণগত মানসম্পন্ন পণ্য ও সেবা উৎপাদন এবং সন্তুষ্ট গ্রাহক সৃষ্টি করা যায়, তা তুলে ধরেন। ফাইভএস এবং অপচয় রোধের মাধ্যমে উৎপাদন খরচ কমার পাশাপাশি দ্রব্যের গুণগত মান ও উৎপাদন বৃদ্ধি পায়। তিনি বিভিন্ন দেশের উদাহরণ দিয়ে উৎপাদনশীলতা বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণার্থীদের উদ্বুদ্ধ করেন এবং প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান কর্মক্ষেত্রে এবং ব্যক্তি জীবনে প্রয়োগে সবাইকে আহবান জানান। ঠাকুরগাঁও চিনিকলে বর্তমানে প্রধান সমস্যাগুলো কি কি তা চিহ্নিতকরণে চিনিকলের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ব্রেইন স্টরমিং পদ্ধতি প্রয়োগ করে একটি সেশন পরিচালনা করা হয় যেখানে :

**প্রথম ধাপে** ১৮ টি সমস্যা চিহ্নিত করা হয়।

**দ্বিতীয় ধাপে** ১৮ টি সমস্যার মধ্য থেকে ০৫ টি প্রধান সমস্যা চিহ্নিত করা হয়।

**তৃতীয় ধাপে** ০৫ টি প্রধান সমস্যার একটির সাথে অপরটির তুলনা করে সমস্যা গুলোর অগ্রাধিকার চিহ্নিত করা হয়।






ডায়াগনোসিস পদ্ধতির মাধ্যমে ঠাকুরগাঁও চিনিকলের চিহ্নিত প্রধান পাঁচটি সমস্যা

প্রশিক্ষণের শেষে মুক্ত আলোচনায় দুইজন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সম্পর্কে তাদের মতামত ব্যক্ত করেন। তারা বলেন, এ প্রশিক্ষণের মাধ্যমে তারা ফাইভ এস এবং কাইজেন সম্পর্কে যা শিখেছেন তা তাদের কর্ম ও ব্যক্তিজীবনে প্রয়োগ করলে তাদের নিজেদের ব্যক্তিগত জীবনের সাথে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। কিন্তু তার জন্য প্রশিক্ষণের ধারাবাহিকতা রক্ষা করা প্রয়োজন। কমপক্ষে তিন মাস পর পর এ প্রশিক্ষণ আয়োজন করা হলে তা চিনি কলের উৎপাদনশীলতা বৃদ্ধিতে কার্যকর হবে। ডায়াগনোসিস পদ্ধতিতে তারা চিনিকলে যে সকল সমস্যা চিহ্নিত করেছেন তা সমাধানে উর্ধ্বতন কর্তৃপক্ষ যথাযথ পদক্ষেপ নিবে সে আশাবাদ ব্যক্ত করেন।



প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের মাঝে ২ জন অংশগ্রহণকারী প্রশিক্ষণ সম্পর্কে তার মতামত প্রকাশ করেন

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং ঠাকুরগাঁও চিনিকল লিঃ, ঠাকুরগাঁও এর যৌথ উদ্যোগে আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল''  শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক ব্যস্ততার কারণে উপস্থিত না থাকায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর রিসোর্স পারসনগণ ও ঠাকুরগাঁও চিনি কলের উপব্যবস্থাপক (প্রশাসন ও প্রশিক্ষণ) সমাপনী অনুষ্ঠান সম্পন্ন করেন। উপ ব্যবস্থাপক (প্রশাসন ও প্রশিক্ষণ) তাঁর সমাপনী বক্তব্যে বলেন, উৎপাদনশীলতা উন্নয়নের বিভিন্ন কলা-কৌশল সঠিকভাবে অনুশীলন ছাড়া উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভব নয়। আলোচ্য প্রশিক্ষণ কর্মসূচিতে এ সকল কলা-কৌশল সম্পর্কে সুস্পষ্ট ধারণা দিতে চেষ্টা করেছে যা প্রশিক্ষণার্থীদের আরো দক্ষ ও কার্যকরী করে তুলতে বিশেষ সহায়ক ভূমিকা পালন করবে। তিনি প্রশিক্ষণার্থীদের মাধ্যমে উৎপাদনশীলতার জ্ঞান ও ধ্যান-ধারণা অন্যান্য কর্মী, কর্মকর্তা  ও শ্রমিক নেতৃবৃন্দের মাঝে ছড়িয়ে পড়বে এই আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে তিনি প্রশিক্ষণার্থীদের ধন্যবাদ জানিয়ে প্রশিক্ষণ কর্মসূচির সমাপ্তি ঘোষণা করেন।

শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক কক্সবাজার এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক আয়োজিত “উৎপাদনশীলতা উন্নয়ন  বিষয়ক প্রশিক্ষণ কোর্স”এর প্রতিবেদন।

গত ২৪-২৬ জানুয়ারি, **২০২৩** ইং তারিখে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়  এবং শিল্প সহায়ক কেন্দ্র, কক্সবাজার এর যৌথ উদ্যোগে আয়োজিত “উৎপাদনশীলতা উন্নয়ন  বিষয়ক প্রশিক্ষণ কোর্স” বাস্তবায়ন করা হয় ।




“উৎপাদনশীলতা উন্নয়ন  বিষয়ক প্রশিক্ষণ কোর্স” এর  উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহাম্মদ রিদওয়ানুর রশিদ, সহকারী মহাব্যবস্থাপক, বিসিক কক্সবাজার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আহসান হাবীব, প্রমোশন কর্মকর্তা, বিসিক কক্সবাজার। প্রশিক্ষণে কোর্স সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জনাব মোঃ রাজু আহম্মেদ, ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি), এনপিও। প্রশিক্ষণে কক্সবাজার জেলার  বিভিন্ন প্রতিষ্ঠানের  ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক কক্সবাজার এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স"এর প্রতিবেদন।**

গত ১৫-১৭ জানুয়ারি, ২০২৩ ইং তারিখে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং শিল্প সহায়ক কেন্দ্র, যশোর এর যৌথ উদ্যোগে আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স" বাস্তবায়ন করা হয়।



"উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ গোলাম হাফিজ, উপ মহাব্যবস্থাপক (ভা:), বিসিক যশোর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ রফিকুল হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), যশোর। প্রশিক্ষণে কোর্স সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জনাব মোঃ রাজু আহম্মেদ, ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি), এনপিও। প্রশিক্ষণে যশোর জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি, কোর্স সমন্বয়কারী এবং সভাপতি তাদের নিজ নিজ বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানের সভাপতি তার বক্তব্যে প্রশিক্ষণার্থীদের মনোযোগ সহকারে প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আহবান জানান। অনুষ্ঠানের প্রধান অতিথি তাঁর বক্তব্যে বিসিকের বিভিন্ন সেবা সম্পর্কে বলেন। তিনি উৎপাদনশীলতার বিভিন্ন দিক ও প্যারামিটার সম্পর্কে আলোচনা করেন। অনুষ্ঠানের সভাপতি উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের জন্য এনপিওকে ধন্যবাদ জানিয়ে সকলকে নিয়মিত উপস্থিতি ও মনোযোগ সহকারে ক্লাশে অংশ গ্রহণের অনুরোধ করে প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানে কোর্স সমন্বয়কারী জনাব মোঃ রাজু আহম্মেদ, ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি) বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) Productivity and Quality Improvement এর জন্য সরকারি-বেসরকারি বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানকে দক্ষ, উৎপাদনশীল এবং বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগিতামূলক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে।

**ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং অপসোনিন ফার্মাসিউটিক্যাল লিঃ, বরিশাল এর যৌথ উদ্যোগে ২০-২২ নভেম্বর, ২০২২ ৩(তিন) দিন ব্যাপী "কারখানা পর্যায়ে প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন" বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচীর প্রতিবেদন ।**

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং অপসোনিন ফার্মাসিউটিক্যাল লিঃ, বরিশাল এর যৌথ উদ্যোগে ৩১ মে-০২ জুন, ২০২২ তারিখে ৩(তিন) দিন ব্যাপী **"কারখানা পর্যায়ে প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন"** বিষয়ক প্রশিক্ষণ কোর্স চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড, রাঙাদিয়া, চট্টগ্রাম এর কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়ঃ

**কোর্সের উদ্দেশ্যঃ**

বর্তমানে তীব্র প্রতিযোগিতামূলক বিশ্বে শিল্প কারখানা থেকে শুরু করে যে কোন ব্যবসা বাণিজ্য ও সেবা দানকারী প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই। সম্পদের দক্ষ ও কার্যকর ব্যবহার এবং পণ্যের সেবার মান উন্নয়নে উৎপাদনশীলতা একমাত্র উপায়। উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে কিভাবে সময় ও ব্যয়কে সুসামঞ্জস্যপূর্ণভাবে সমন্বয় সাধনপূর্বক কম খরচে গুণগত মান সম্পন্ন পণ্য ও সেবা উৎপাদন করতঃ অধিকতর গ্রাহক সৃষ্টি করা যায়; সে বিষয়ে আলোচনার উদ্দেশ্যে আলোচ্য প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে।

**প্রশিক্ষণের বিষয়বস্তুঃ**

প্রশিক্ষণ কোর্সে দুইটি কার্যদিবসে নিম্নোক্ত মোট ৯টি বিষয় অন্তর্ভুক্ত ছিল।

(ক) উৎপাদনশীলতার মূল ধারণা;

(খ) উৎপাদনশীলতা উন্নয়নে জাপানী ফাইভ-এস এর ধারনা

(গ) উৎপাদনশীলতা উন্নয়নে ফাইভ এস পদ্ধতির প্রয়োগ;

(ঘ) অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন;

(ঙ) উৎপাদনশীলতা উন্নয়নে (TQM)।

(চ) উৎপাদনশীলতা উন্নয়নে লিডারশীপ

(ছ) টোটাল প্রোডাকটিভ মেইনটেনেন্স (TPM)

(জ) সমস্যা নির্ণয়ে ডায়াগনসিস পদ্ধতির প্রয়োগ

(ঝ) উৎপাদনশীলতা উন্নয়নে গ্রীণ প্রোডাকটিভিটি।

কোর্স সমন্বয়কারী এনপিও'র সিনিয়র রিসার্চ অফিসার, জনাব মোঃ ফরিদ উদ্দিন, মিজ নাহিদা সুলতানা রত্না
গবেষণা কর্মকর্তা, জনাব সৈয়দ জায়েদ-উল ইসলাম গবেষণা কর্মকর্তা ও জনাব এস.এম.নাইমুর রহমান পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী বিষয়ভিত্তিক বক্তব্য উপস্থাপন করেন।

**অংশগ্রহণকারী:**

অপসোনিন ফার্মাসিউটিক্যাল লিঃ, বরিশাল এর মোট ৯৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

+

**উৎপাদনশীলতা বৃদ্ধি করি, স্বনির্ভর দেশ গড়ি।**

# সেমিনার / আলোচনাসভা / কর্মশালা

## ‘উন্নত বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতার গুরুত্ব’ বিষয়ক সেমিনারের প্রতিবেদন

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় কর্তৃক গত ৩০ জানুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশের খাদ্যশিল্প সেক্টরের উল্লেখযোগ্য প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে ‘উন্নত বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতার গুরুত্ব’ বিষয়ক একটি সেমিনার আয়োজন করা হয়।

‘উন্নত বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতার গুরুত্ব’ শীর্ষক সেমিনারর মূল প্রবন্ধ উপস্থাপন ও উদ্বোধক হিসেবে ছিলেন এনপিও’র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম। সেমিনারে আলোচক হিসেবে ছিলেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর পরিচালক (উৎপাদন ও প্রকৌশল) জনাব মোঃ আতাউর রহমান খান; বাংলাদেশ এগ্রো প্রসেসিং এসোসিয়েশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জনাব মোঃ তৈয়বুর রহমান; এবং বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর ভারপ্রাপ্ত চিফ অব পার্সোনেল মিজ শাহরীনা তানাজ।




উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখছেন এনপিও’র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম

মূল প্রবন্ধ উপস্থাপক তাঁর বক্তব্যের শুরুতে সেমিনারে অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। শিল্প ক্ষেত্রে উৎপাদনশীলতার গুরুত্ব তুলে ধরে বলেন ১৯৭১ সালের পরবর্তীতে দেশের সার্বিক অর্থনীতি উৎপাদনশীল হওয়ার ফলে অর্থনৈতিক মুক্তি সম্ভব হয়েছে। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। উৎপাদনশীলতা বৃদ্ধিতে এনপিও’র সাফল্যের কথা তুলে ধরতে তিঁনি উদাহরণ হিসেবে দেশের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান স্কয়ার ফুড এন্ড বেভারেজ লি. প্রসঙ্গ উল্লেখ করেন। প্রতিষ্ঠানটি এনপিও’র প্রশিক্ষণে উপকৃত হয়ে তাদের প্রতিষ্ঠানে উৎপাদনশীলতার ধারাবাহিকতা বজায় রাখতে নতুন পদ সৃজন করেছে। তিনি উপস্থিত প্রতিষ্ঠানসমূহকে নিজ নিজ কর্মক্ষেত্রের উৎপাদনশীল পরিবেশ সর্বদা বজায় রাখার জন্য পরামর্শ প্রদান করে তাঁর বক্তব্য শেষ করেন।

সেমিনারের পরবর্তী পর্বে ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ আরিফুজ্জামান উন্নত বাংলাদেশ বিনির্মাণে বর্তমানে বাংলাদেশের অবস্থান তুলে ধরেন। তিনি সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সাফল্যগুলোর পাশাপাশি বৈশ্বিক

পরিবেশে বাংলাদেশের বর্তমান অবস্থা বিশ্লেষণ করেন। বাংলাদশে বর্তমানে রপ্তানিখাতে এগিয়ে গেলেও পার্শ্ববর্তী এশিয়ান দেশের তুলনায় সমগ্রবিশ্বে বাংলাদেশের ছড়িয়ে পরার আরো যে সুযোগ আছে তা সচিত্র বর্ণনা করেন। এশিয়ার ২১টি দেশের সমন্বয়ে গঠিত এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) কর্তৃক বিভিন্ন সময় প্রকাশিত উপাত্ততে উৎপাদনশীলতায় বাংলাদেশ ও অন্যান্য দেশের তুলনামূলক বিশ্লেষণে তিনি দেখান শ্রম উৎপাদনশীলতাসহ সার্বিক উৎপাদনশীলতা উর্দ্ধমুখী অবস্থানে রয়েছে। এছাড়াও উল্লেখ করেন ১৯৯৬ - ২০১৬ পর্যন্ত দেশে উৎপাদনশীলতার প্রবৃদ্ধির হার ৩.৮% তবে (এনপিও) ২০৩০ সালের মধ্যে এই হার আরো বৃদ্ধি করতে বদ্ধপরিকর।





বক্তব্য রাখছেন এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ আরিফুজ্জামান

গবেষণা কর্মকর্তা মিজ ফারজানা হক এনপিও'র কার্যক্রম সম্পর্কে অংশগ্রহণকারীদের অবহিত করেন । তিনি এনপিও'র উল্লেখযোগ্য কার্যাবলী যেমন: গবেষণা, প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ও ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশনাল অ্যাওয়ার্ড সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দেন। গবেষণা কর্মকর্তা জনাব আকিবুল হক উপস্থিতিদের মধ্যে উৎপাদনশীলতা সম্পর্কে বিশদ আলোচনা করেন।তিনি বলেন, এক কথায় উৎপাদনশীলতা হচ্ছে সম্পদের দক্ষ ও কার্যকরী ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন। উৎপাদনশীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এটি প্রবৃদ্ধি ও আয়স্তর নির্ধারণে প্রধান উপাদান হিসেবে কাজ করে। বৈশ্বিক প্রেক্ষাপটে দেখা যায়, যে দেশ স্বল্প খরচে মানসম্পন্ন পণ্য উৎপাদন করতে পারে সেই দেশই আন্তর্জাতিক বাজারে নেতৃত্ব প্রদান করে। উচ্চ উৎপাদনশীলতা জীবনযাত্রার মান বৃদ্ধি করার চাবিকাঠি। দক্ষ শ্রমশক্তি ছাড়া জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধি দুরূহ । এক্ষেত্রে প্রয়োজন উৎপাদনশীলতায় সংশ্লিষ্ট একদল সুশিক্ষিত জনবল। তিনি উৎপাদনশীলতার সাথে উৎপাদনের সম্পর্ক এবং উৎপাদনশীলতা বৃদ্ধির বিভিন্ন উপায় ব্যাখ্যা করেন। কর্মীরা কিভাবে উৎপাদন বৃদ্ধির মাধ্যমে উৎপাদনশীলতা বাড়াতে পারে তা গাণিতিক উদাহরণ দিয়ে বর্ণনা করেন। এছাড়াও উৎপাদনশীলতা বৃদ্ধির পাঁচটি উপায় এবং বর্ধিত উৎপাদনশীলতার সুফল নিয়ে আলোচনা করেন। উৎপাদনশীলতা বৃদ্ধি তখনই সম্ভব যখন উপকরণের আনুপাতিক বৃদ্ধির চেয়ে উৎপাদনের আনুপাতিক বৃদ্ধি বেশি হয়, উপকরণের পরিমাণ স্থির রেখে কর্মোদ্যোগে ও ব্যবস্থাপনার দক্ষতা দ্বারা উৎপাদন বৃদ্ধি পায়, উপকরণ ও উৎপাদনের পরিমাণ স্থির রেখে উৎপাদিত পণ্যের গুণগতমান উন্নত হয়। উৎপাদনশীলতা স্বনির্ভর অর্থনৈতিক প্রবৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়নে ইতিবাচক প্রভাব বিস্তার করে। বিশ্বের উন্নত দেশগুলো উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে নিজেদের এবং জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে সক্ষম হয়েছেন।





এনপিও’র গবেষণা কর্মকর্তা জনাব মোঃ আকিবুল হক এবং গবেষণা কর্মকর্তা মিজ ফারজানা হক সেমিনারে রিসোর্স পেপার উপস্থাপন করছেন

উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ আরিফুজ্জামান এপিও লিয়াজোঁ অফিসার হিসেবে উপস্থিত প্রতিষ্ঠানগুলো প্রতিনিধিদের কাছে আন্তর্জাতিক পরামর্শক দ্বারা টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) নেওয়ার পদ্ধতি সম্পর্ক বিশদ বর্ণনা দেন। তিনি ২টি ফরম প্রতিনিধিদের কাছে উপস্থাপন করেন এবং তা পূরণের নিয়মাবলী উল্লেখ করেন এবং প্রতিনিধিদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন।

সেমিনারের আলোচকবৃন্দ তাদের আলোচনায় উৎপাদনশীলতা ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে তার গুরুত্ব নিয়ে বিভিন্ন বিষয় তুলে ধরেন। আলোচক বাংলাদেশ এগ্রো প্রসেসিং এসোসিয়েশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মোঃ তৈয়বুর রহমান এনপিও’র প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রতিষ্ঠানগুলোকে উৎসাহ প্রদান করেন।





আলোচকগণের তাদের মূল্যবান বক্তব্য উপস্থাপনের স্থিরচিত্র

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর ভারপ্রাপ্ত চিফ অব পার্সোনেল মিজ শাহ্রীনা তানাজ বাংলাদেশের খাদ্য ও চিনি শিল্পের বর্তমান অবস্থা নিয়ে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। কাঁচামাল সংকটের কারণে চিনিকলসমূহে পর্যাপ্ত চিনি উৎপাদন ব্যাহত হচ্ছে যার ফলে চিনিকলগুলো ১.৫ মাসের বেশি চিনি উৎপাদন করতে পারছে না। তিনি মনে করেন এনপিও'র চলমান গবেষণা 'Identify ways to enhance productivity of state-owned sugar mills' রাষ্ট্রায়ত্ত চিনিকলসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধি করবে। পরবর্তীতে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর পরিচালক (উৎপাদন ও প্রকৌশল) জনাব মোঃ আতাউর রহমান খান উপস্থিত অংশগ্রহণকারীগণের সাথে মতবিনিময় সেশন পরিচালনা করেন। তিনি প্রতিষ্ঠানসমূহকে তাদের উৎপাদন পদ্ধতি সম্পর্কে জিজ্ঞাসা করলে এসিআই সল্ট, নেসলে বাংলাদেশ ও হবিগঞ্জ এগ্রো (প্রাণ ফুড প্রডাক্টস) এর প্রতিনিধিগণ তাদের উৎপাদন পদ্ধতির সৃষ্ট সমস্যা ও সমাধানের সম্ভাব্য উপায়সমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। আলোচক উৎপাদন প্রক্রিয়ায় উৎপাদনশীলতা বৃদ্ধির ধারাবাহিকতা  বজায় রাখার উপর গুরুত্ব প্রদান করতে সবাইকে আহবান করেন। তিনি সকলের সুস্বাস্থ্য কামনা ও ধন্যবাদ জ্ঞাপন করে সেমিনার অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## বাংলাদেশের গ্যাস, পানি ও বিদ্যুৎ সেক্টরের উৎপাদনশীলতার উন্নয়ন' বিষয়ক সেমিনারের প্রতিবেদন

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় কর্তৃক গত ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশের গ্যাস, পানি ও বিদ্যুৎ সেক্টরের উল্লেখযোগ্য প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে 'উৎপাদনশীলতা উন্নয়ন' বিষয়ক একটি সেমিনার আয়োজন করা হয়।

'উৎপাদনশীলতা উন্নয়ন' শীর্ষক সেমিনারর মূল প্রবন্ধ উপস্থাপন ও উদ্বোধক হিসেবে ছিলেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম। সেমিনারে আলোচক হিসেবে ছিলেন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এর যুগ্ম সচিব ও পরিচালক (অর্থ) জনাব মোঃ মনিরুল ইসলাম; শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মোঃ সালাউদ্দিন, এবং পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) জনাব মোঃ আলাতাফ হোসেন।



উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখছেনএনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম

মূল প্রবন্ধ উপস্থাপক তাঁর বক্তব্যের শুরুতে সেমিনারে অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। শিল্প ক্ষেত্রে উৎপাদনশীলতার গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, ১৯৭১ সালের পরবর্তীতে দেশের সার্বিক অর্থনীতি উৎপাদনশীল হওয়ার ফলে অর্থনৈতিক মুক্তি সম্ভব হয়েছে। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। উৎপাদনশীলতা বৃদ্ধিতে এনপিও'র সাফল্যের কথা তুলে ধরতে তিঁনি উদাহরণ হিসেবে দেশের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান স্কয়ারফুড এন্ড বেভারেজ লি. প্রসঙ্গ উল্লেখ করেন। প্রতিষ্ঠানটি এনপিও'র প্রশিক্ষণে উপকৃত হয়ে তাদের প্রতিষ্ঠানে উৎপাদনশীলতার ধারাবাহিকতা বজায় রাখতে নতুন পদ সৃজন করেছে। তিনি উপস্থিত প্রতিষ্ঠানসমূহকে নিজ নিজ কর্মক্ষেত্রের উৎপাদনশীল পরিবেশ সর্বদা বজায় রাখার জন্য পরামর্শ প্রদান করে তাঁর বক্তব্য শেষ করেন।



সেমিনারে উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত প্রতিনিধিবৃন্দ

সেমিনারের পরবর্তী পর্বে উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ আরিফুজ্জামান উন্নত বাংলাদেশ বিনির্মাণে বর্তমানে বাংলাদেশের অবস্থান তুলে ধরেন। তিনি সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সাফল্যগুলোর পাশাপাশি বৈশ্বিক পরিবেশে বাংলাদেশের বর্তমান অবস্থা বিশ্লেষণ করেন।



বক্তব্য রাখছেন এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ আরিফুজ্জামান

বাংলাদশে বর্তমানে রপ্তানিখাতে এগিয়ে গেলেও পার্শ্ববর্তী এশিয়ান দেশের তুলনায় সমগ্রবিশ্বে বাংলাদেশের ছড়িয়ে পরার আরো যে সুযোগ আছে তা সচিত্র বর্ণনা করেন। এশিয়ার ২১টি দেশের সমন্বয়ে গঠিত এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) কর্তৃক বিভিন্ন সময় প্রকাশিত উপাত্ততে উৎপাদনশীলতায় বাংলাদেশ ও অন্যান্য দেশের তুলনামূলক বিশ্লেষণে তিনি দেখান শ্রম উৎপাদনশীলতাসহ সার্বিক উৎপাদনশীলতা উর্দ্ধমুখী অবস্থানে রয়েছে। এছাড়াও

উল্লেখ করেন ১৯৯৬ - ২০১৬ পর্যন্ত দেশে উৎপাদনশীলতার প্রবৃদ্ধির হার ৩.৮% তবে (এনপিও) ২০৩০ সালের মধ্যে এই হার আরো বৃদ্ধি করতে বদ্ধপরিকর।

সেমিনারের আলোচকবৃন্দ তাদের আলোচনায় উৎপাদনশীলতা ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে তার গুরুত্ব নিয়ে বিভিন্ন বিষয় তুলে ধরেন। আলোচক বাংলাদেশ এগ্রো প্রসেসিং এসোসিয়েশনের প্রধাননির্বাহীকর্মকর্তা (সিইও)মোঃতৈয়বুররহমানএনপিও'র প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রতিষ্ঠানগুলোকে উৎসাহ প্রদান করেন।



আলোচকগণের তাদের মূল্যবান বক্তব্য উপস্থাপনের স্থিরচিত্র

বাংলাদেশতেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর পরিচালক (প্রশাসন) জনাব মোঃ আলাতাফ হোসেন বাংলাদেশের জ্বালানী সেক্টরের বর্তমান অবস্থা নিয়ে তাঁর বক্তব্য উপস্থাপন করেন।

বক্তব্য শেষে তিনি উপস্থিত অংশগ্রহণকারীগণের সাথে মতবিনিময় সেশন পরিচালনা করেন। তিনি প্রতিষ্ঠানসমূহকে তাদের উৎপাদন পদ্ধতি সম্পর্কে জিজ্ঞাসা করলে উপস্থিন প্রতিনিধিগণ তাদের বিভিন্ন সমস্যা ও সমাধানের সম্ভাব্য উপায়সমূহ সম্পর্কে কথা বলেন। আলোচক উৎপাদন প্রক্রিয়ায় উৎপাদনশীলতা বৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখার উপর গুরুত্ব প্রদান করতে সবাইকে আহবান করেন। তিনি সকলের সুস্বাস্থ্য কামনা ও ধন্যবাদ জ্ঞাপন করে সেমিনার অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

**সেবা ও পণ্যের গুণগত মান নিশ্চিত করুন**
**উৎপাদনশীলতা বৃদ্ধি করুন।**

# কনসালটেন্সি সার্ভিস

## শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক কক্সবাজার এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক আয়োজিত উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক "পরামর্শ সেবা" প্রতিবেদন।

গত ২২-২৪ ফেব্রুয়ারি, ২০২৩ ইং তারিখে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং জনতা ইঞ্জিনিয়ারিং এর যৌথ উদ্যোগে আয়োজিত "উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স" বাস্তবায়ন করা হয়।



"উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ওলি উল্লাহ, বোর্ড অব ডাইরেক্টর, নাসিব কেন্দ্রীয় কমিটি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব নূরজাহান রহমান, সহ-সভাপতি, নাসিব, চুয়াডাঙ্গা জেলা শাখা। প্রশিক্ষণে কোর্স সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জনাব মোঃ রাজু আহম্মেদ, ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি), এনপিও। প্রশিক্ষণে জনতা ইঞ্জিনিয়ারিং এর ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি, কোর্স সমন্বয়কারী এবং সভাপতি তাদের নিজ নিজ বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানের সভাপতি তার বক্তব্যে প্রশিক্ষণার্থীদের মনোযোগ সহকারে প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আহবান জানান। অনুষ্ঠানের প্রধান অতিথি তাঁর বক্তব্যে বিসিকের বিভিন্ন সেবা সম্পর্কে বলেন। তিনি উৎপাদনশীলতার বিভিন্ন দিক ও প্যারামিটার সম্পর্কে আলোচনা করেন। অনুষ্ঠানের সভাপতি উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের জন্য এনপিওকে ধন্যবাদ জানিয়ে সকলকে নিয়মিত উপস্থিতি ও মনোযোগ সহকারে ক্লাশে অংশ গ্রহণের অনুরোধ করে প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানে কোর্স সমন্বয়কারী জনাব মোঃ রাজু আহম্মেদ, ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি) বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) Productivity and Quality Improvement এর জন্য সরকারি-বেসরকারি বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানকে দক্ষ, উৎপাদনশীল এবং বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগিতামূলক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে।

## উৎপাদনশীলতা উন্নয়নে এনপিও’র অন্যান্য প্রতিষ্ঠানে পরামর্শ সেবা প্রদান

২০২২-২৩ অর্থবছরের ০৭টি প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে পরামর্শ সেবা প্রদান করা হয়। এ কর্মসূচি পরিচালনা করার মাধ্যমে ২১০ জন প্রশিক্ষণার্থীদেরকে হাতে কলমে উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন কলাকৌশলের প্রশিক্ষণ প্রদান করা হয়। এঅর্থবছরে ০৭-০৮ ফেব্রুয়ারি ২০২৩তারিখে চিটাগং ইউরিয়া ফার্টিলাইজার, চট্টগ্রাম, ১৫-১৬ অক্টোবর ২০২২তারিখে ডিএপি ফার্টিলাইজার,চট্টগ্রাম, ৩১ আগস্ট-০১ সেপ্টেম্বর ২০২২ তারিখে বিআইএস এফ, মিরপুর, ১৯-২১ সেপ্টেম্বর ২০২২ তারিখে বেক্সিমকো ফার্মাসিউটিক্যাল লিঃ, টংগী, ২২-২৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে জনতা ইঞ্জিনিয়ারিং, চুয়াডাঙ্গা এবং ১৪-১৬মার্চ ২০২৩ তারিখে ইফাদ মাল্টি প্রোডাকস লিঃ সাভারে উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে পরামর্শ সেবা প্রদান করা হয়।

## এনপিও কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়িত রিসার্চসমূহ:

"Opportunities and Challenges for Post Covid-19 in Selected Manufacturing Sectors of the Bangladesh" শীর্ষক গবেষণা;

এনপিও কর্তৃক কোভিড-১৯ পরবর্তী শিল্প সেক্টরের ক্ষতি এবং সৃষ্ট সুযোগ অনুসন্ধান এর উপর গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গত ২২ ডিসেম্বর, ২০২২ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। বর্ণিত বিআইএম কর্তৃক পরিচালিত গবেষণা কার্যক্রমটি শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব জাকিয়া সুলতানা Chief Advisor হিসেবে সার্বিক দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও মহাপরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) এবং মহাপরিচালক, এনপিও Advisor এবং এনপিও এবং বিআইএম এর উর্ধবতন কর্মকর্তাদের সমন্বয়ে "Opportunities and Challenges for Post Covid-19 in Selected Manufacturing Sectors of the Bangladesh" শীর্ষক গবেষণা কার্যক্রমটি সম্পাদন করে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।





শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব জাকিয়া সুলতানা Chief Advisor হিসেবে সার্বিক দিকনির্দেশনা প্রদান করেন।

# “Identify ways to enhance productivity of state-owned sugar mills”
## গবেষণার প্রতিবেদন

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর রাজস্ব বাজেটের আওতায় ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ চিনি ও খাদ্য কর্পোরেশন এর আওতাধীন চিনিকল সমূহের উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে “Identify ways to enhance productivity of state-owned sugar mills” বিষয়ে একটি গবেষণার কাজ চলছে।

উক্ত গবেষণাটি সম্পন্ন করার নিমিত্ত গত ২৯/১২/২০২২ ইং তারিখে BUET প্রফেসর ড. মোঃ আশিকুর রহমান এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়। জানুয়ারি’২৩ থেকে উক্ত গবেষণার কাজ শুরু করা হয়েছে। প্রথম ধাপে ৬টি চিনিকল ও ১টি প্রকৌশল কারখানা পরিদর্শন করা হয়। দ্বিতীয় ধাপে questionnaire প্রস্তুত করে বিএসএফআইসি প্রধান কার্যালয় ও সকল চিনিকলের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত গ্রহণ করা হয়। গত জুন মাসে গবেষণার ফাইনাল রিপোর্ট দপ্তরে জমা দেওয়া হয়েছে।

গবেষণাটিতে চিনিকলসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য মোট ৯টি সুপারিশ দেওয়া হয়। তার মধ্যে উল্লেখযোগ্য হল:

[1] Cane preparation (separation of non-brix components such as dirt and leaves from the cane) before crushing can be a readily implementable measure to improve the productivity of sugar mills as removal of these foreign materials requires rigorous processing in the sugar mills. The cane providers can be convinced and encouraged to prepare the cane in the cane field after cutting, which can be helpful in this context.

[2] Provision of cane supply from the field after cutting to sugar mill within 24 hours should be maintained strictly by effective management of the mills as cane loses its pol content by reducing generally after the time frame. Automatic cane harvester of suitable capacity can also play a favorable role in solving this issue.

[3] Repairing of pipes containing steam, water, cane juice, massecuites, etc., repairing of insulation of heating/cooling equipment (evaporator, juice heater, vacuum pan, etc.), and leakage prevention from massecuite pumps should be done in a regular basis as leakages from these pipes are responsible for a significant amount mass and heat loss of the sugar mills. Before installment of sugar mills for a crushing season, this repairment should be done for proper working condition of sugar mills.

[4] High moisture content in the bagasse decreases the efficiency of boilersconsiderably and the bagasse in the sugar mills are observed to contain much higher moisture than the recommended value. To reduce the boiler's extra moisture content to a minimum, bagasse dryer can be an important tool.

**উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন:**

| ক্র.নং | উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন | প্রকাশকাল |
|---|---|---|
| ০১ | প্রকৌশল শিল্পের নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের ২০১৯-২০ থেকে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন | জুন, ২০২৩ |
| ০২ | বাংলাদেশ এগ্রো-প্রসেসর এসোসিয়েশন (বাপা) বের সদস্যভুক্ত নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের ২০১৯-২০ থেকে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত উৎপাদনশীলতা বিষয়ক প্রতিবেদন | জুন, ২০২৩ |
| ০৩ | রসায়ন শিল্প খাতের নির্বাচিত ব্যক্তিমালিকানাধীন ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠানের ২০১৯-২০ থেকে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত উৎপাদনশীলতা প্রতিবেদন | জুন, ২০২৩ |
| ০৪ | হোটেল এন্ড রেস্টুরেন্ট খাতে নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের ২০১৯-২০ থেকে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত উৎপাদনশীলতা প্রতিবেদন | জুন, ২০২৩ |
| ০৫ | ট্যানারী এন্ড লেদার শিল্প খাতে খাতে নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের ২০১৯-২০ থেকে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধির প্রতিবেদন | জুন, ২০২৩ |
| ০৬ | সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের ২০২০, ২০২১ ও ২০২২ সালের উৎপাদনশীলতার নৈপুণ্যতার প্রবণতা | জুন, ২০২৩ |
| ০৭ | বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন-এর নিয়ন্ত্রণাধীন নির্বাচিত চিনিকল সমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন | জুন, ২০২৩ |
| ০৮ | বাংলাদেশ পাটকল এসোসিয়েশন (বিজেএমএ) এর নিয়ন্ত্রণাধীন কয়েকটি পাটকলের ২০১৯-২০ হতে ২০২১-২২ অর্থবছরের উৎপাদনশীলতার প্রতিবেদন | জুন, ২০২৩ |
| ০৯ | কতিপয় বেসরকারি বস্ত্রকলের ২০১৮-১৯ হতে ২০২০-২১ সাল পর্যন্ত উৎপাদনশীলতা বিষয়ক প্রতিবেদন | জুন, ২০২৩ |

## টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বা SDG সংক্রান্ত

সারা বিশ্বের মানুষের শান্তি, সমৃদ্ধি ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে "২০৩০ এজেন্ডা" এমন একটি কর্ম-পরিকল্পনা যা বিশ্ব শান্তি জোরদার করবে এবং ক্ষুধা ও দারিদ্র্যসহ সকল প্রকার বৈষম্যের অবসান ঘটাবে। অতি দারিদ্র্যসহ সব ধরনের দারিদ্র্যের অবসান ঘটানোই এখন বিশ্বের সবচেয়ে বড় চ্যালেঞ্জ, আর এটাই হলো টেকসই উন্নয়নের পূর্বশর্ত। আগামী প্রায় দেড় দশক বিশ্বের সকল দেশ এই অভীষ্টগুলো বাস্তবায়নে কাজ করবে যার মধ্য দিয়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে জনগণের সকল ধরনের দারিদ্র্যের অবসান ঘটানো সম্ভব হবে।

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য সরকারের সিদ্ধান্ত মোতাবেক শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ১৭ টি লক্ষ্য এর মধ্যে ক্ষুধা মুক্তি (ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার) এবং শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো (অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ) শীর্ষক লক্ষ্যের আওতায় ২০২১-২২ অর্থবছরে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করেছে।

**সম্পদের সুষ্ঠু ব্যবহার, উৎপাদনশীলতার অঙ্গীকার।**

| প্রতিষ্ঠানের নাম | এসডিজি অ্যাকশন প্ল্যানে বর্ণিত কার্যক্রম/প্রকল্প হতে গৃহীত/অনুমোদিত প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | লীড / কো-লীড / এসোসিয়েট | কার্যক্রম/প্রকল্প ব্যয় (লক্ষ টাকা) | কার্যক্রম/প্রকল্পের বাস্তব অগ্রগতির হার % | ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি আর্থিক অগ্রগতির হার % |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| এনপিও | খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক প্রতিষ্ঠানে ১০টি প্রশিক্ষণ প্রদান ( ২০২১-২০২৫) | লীড হিসেবে | নিয়মিত বাজেট | ১০০% | ১০০% |
| | উদ্যোক্তা উন্নয়ন বিষয়ে ১০টি প্রশিক্ষণ প্রদান ( ২০২১-২০২৫) | | | | |
| | গ্রীণ প্রোডাকটিভিটি বিষয়ে ১৫টি প্রশিক্ষণ প্রদান (২০২১-২০২৫) | | | | |
| | খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক প্রতিষ্ঠানের নিয়োজিত কর্মকর্তা/ ব্যবস্থাপকদেরকে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ে ৫টি প্রশিক্ষণ প্রদান (২০২১-২০২৫)। | কো-লীড হিসেবে | নিয়মিত বাজেট | ১০০% | ১০০% |
| | ব্যবসার ক্ষেত্রে উৎপাদনশীল পরিচালনার লক্ষ্যে উদ্যোক্তাদেরকে উৎপাদনশীলতা বিষয়ে ৫টি প্রশিক্ষণ প্রদান (২০২১-২০২৫)। | | | | |

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এনপিও'র কার্যক্রম

জাতীয় শুদ্ধাচার কৌশল এর মূল লক্ষ্য হল দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে । এরই ধারাবাহিকতায় প্রায় সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ০১ জানুয়ারি ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ মেয়াদের জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে। ২০১৬-২০১৭ অর্থ-বছরে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থার জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়। ২০১৭-২০১৮ অর্থবছর হতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, আওতাধীন দপ্তর/সংস্থার পাশাপাশি মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক এবং জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এ বছরও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২১২ প্রণয়ন করে। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর শুদ্ধাচার বিষয়ক কর্মকান্ড পরিচালনা করার জন্য নিম্ন বর্ণিত কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে।

| ক্রমিক নং | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ মেহেদী হাসান<br>গবেষণা কর্মকর্তা | ফোকাল পয়েন্ট |

## শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত নীতিমালা অনুযায়ী গ্রেড-২ হতে গ্রেড-০৯ ভুক্ত ১ জন কর্মচারী, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ১ জন কর্মচারী এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ১ জন কর্মচারী কে "জাতীয় শুদ্ধাচার পুরস্কার" এর জন্য মনোনীত করা হয়েছে।

## ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এর ২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়নে পুরস্কার প্রদান

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এর ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়নে পুরস্কার গত ১৮ জুন ২০২৩ তারিখপ্রদান করা হয়। ২০২২-২৩ অর্থবছরের ০৬-১০ গ্রেড ভুক্ত গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মেহেদী হাসান; ১১-১৬ গ্রেড ভুক্তমিজ আইরিন ফাতেমা, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং ১৭-২০ গ্রেড ভুক্ত জনাব মোঃ ফজলে করিম,নিরাপত্তা প্রহরী (পিআরএল)এনপিও"জাতীয় শুদ্ধাচার পুরস্কার" এ নির্বাচিত হন। পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনপিও'র মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন, পরিচালক, এনপিও। সঞ্চালকের দায়িত্বে ছিলেন জনাব মোঃ মেহেদী হাসান, গবেষণা কর্মকর্তা, এনপিও।মহাপরিচালক এবং পরিচালক মহোদয়শুদ্ধাচারপুরস্কারপ্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১অনুযায়ী পুরস্কার প্রাপ্তদের হাতে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং মে ২০২৩ মাসে আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ তুলে দেন। এনপিও এর সকল কর্মকর্তা/কর্মচারি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



(এনপিও), শিল্প মন্ত্রণালয় এর ২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়নে পুরস্কার প্রদান অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্ত কর্মচারীগণ

এছাড়া এনপিও ২০২১-২০২২ অর্থবছরে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করেছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

### এনপিও'র উত্তম চর্চাসমূহ


এনপিও'র উত্তমচর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উত্তম চর্চাসমূহ নিম্নরূপঃ

### উত্তম চর্চা (Best Practice)

সুশাসন সংহতকরণের মাধ্যমে উন্নত নাগরিক সেবা নিশ্চিত এবং সরকারের নানাবিধ নীতি ও কৌশল বাস্তবায়ন করতে সাম্প্রতিক সময়ে অনেকগুলো ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে । জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এ সকল উদ্যোগ প্রতিনিয়ত নতুন নতুন মাত্রা যোগ করছে। এ ক্ষেত্রে বিভিন্ন দপ্তর অনেক ছোট ছোট ইনোভেশন বা উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করছে। এ সকল ইনোভেশন মূখ্যত সেবা প্রার্থীগণের কাঙ্খিত সেবা প্রাপ্তির সময় কমানোর লক্ষ্যেই গৃহীত। ইনোভেশন এমন এক ধরণের কাজ, এতে সবসময় সাফল্য নাও আসতে পারে। তাই বলে ইনোভেশন কিন্তু থেমে থাকতে পারে না। এটি প্রকৃতই একটি নিরীক্ষামূলক ব্যবস্থা। এসকল ক্ষেত্রে দেখা যায় যে, কিছু ছোট ছোট ভাল কাজের চর্চা হয় তাহলে ইনোভেশনের মাধ্যমে পদ্ধতিগত পরিবর্তন আনার ক্ষেত্রে ইতিবাচক ফল পাওয়া যায়। তবে এ চর্চা যদি শুধুই সরকারি সেবা প্রদানে বা সরকারি দপ্তর/পরিদপ্তরে সীমাবদ্ধ থাকে তাহলে এটি বৃহৎ পরিসরে ব্যবহার হওয়ার সুযোগ হারানোর আশঙ্কা থেকে যায়। এ বিষয়টি বিবেচনায় নিয়ে এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক কিছু ছোট ছোট ভাল কাজের (good practice) উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সকল ছোট ছোট ভাল চর্চাগুলো সরকারি দপ্তরের গন্ডি পেরিয়ে বৃহত্তর সমাজের নানান অংশকে সম্পৃক্ত করছে। এ লক্ষ্য অর্জনের মাধ্যমে বৃহত্তর সমাজে উত্তম চর্চার যাত্রাপথ কিছুটা হলেও মসৃণতর হবে বলে আশা করা যায়।

## অফিসিয়াল নথি নিষ্পত্তিতে ই-নথির ব্যবহার

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সকল অফিসিয়াল নথি নিষ্পত্তিতে ই-নথি ব্যবহৃত হচ্ছে। ফলশ্রুতিতে অফিসে কাগজের ব্যবহার সীমিত হয়েছে। শিল্প মন্ত্রণালয় সহ অন্যান্য সকল প্রতিষ্ঠানে ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ করা হচ্ছে। এছাড়াও ই-নথি সিস্টেমের মধ্যে আগত সকল পত্রের কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।



## নিয়মিত দাপ্তরিক ওয়েবসাইট হালনাগাদকরণ

নাগরিক তথ্য/সেবা নিশ্চিতকরণে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সকল কার্যক্রম নিয়মিত দাপ্তরিক ওয়েবসাইটে (www.npo.gov.bd) হালনাগাদ করা হচ্ছে ।



## এনপিও’র আইসিটি নীতিমালা-২০০৯ মোতাবেক আইসিটি বিষয়ক কার্যক্রম

ক) আইসিটি খাতের জন্য ২০২০-২১ অর্থ বছরের বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখা হয়েছে এবং দপ্তরের সকল কম্পিউটারকে ব্রডব্যান্ড লাইনের আওতায় নেয়া হয়েছে।

খ) দাপ্তরিক যোগাযোগ, নথি প্রক্রিয়াকরণ এবং সংরক্ষণে ওয়েবসাইট, নেট ও কম্পিউটার ব্যবহারের মাধ্যমে কাগজের ব্যবহার হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।

গ) জ্বালানির দক্ষ ব্যবহার, আন্তর্জাতিক মান যেমন ISO বিষয়ে যোগ্যতা, লিন ম্যানুফ্যাকচারিং, আধুনিক উৎপাদন পদ্ধতি, ইত্যাদি সংক্রান্ত বিষয়ে স্টক হোল্ডারদেরকে পর্যাপ্ত প্রশিক্ষণেরর ব্যবস্থা নেয়া হয়েছে।

ঘ) স্ট্র্যাটেজিক ম্যানেজমেন্টের পরামর্শ প্রদান সম্পর্কিত ক্ষমতা উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ঙ) সিটিজেন চার্টার অনলাইনে দেয়া হয়েছে।

চ) দপ্তরে আইসিটি সেল গঠন করা হয়েছে ।

### এনপিও’র আইসিটি ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) স্ব-উদ্যোগে এবং সরকারের বিভিন্ন নীতিমালা অনুযায়ী ডিজিটালাইজেশনের নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। এনপিওতে যে সকল ডিজিটাল কার্যক্রম চলমান রয়েছে তা নিম্নরূপ:

### জাতীয় তথ্য বাতাবায়নের অধীনে ওয়েবসাইট স্থাপন

জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্কের অধীনে এনপিও’র ওয়েবসাইট (www.npo.gov.bd) তৈরী করা হয়েছে যা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এর ফলে এনপিও এবং এনপিও’র কার্যক্রম সম্পর্কে সাধারণ জনগন জানতে পারছে । এনপিও’র সকল গুরূত্বপূর্ণ কার্যাবলীর হালনাগাদ তথ্য ওয়েবসাইটে সন্নিবেশ করা হয়।

### বাংলা ডোমেইনে এনপিও

বাংলা ডোমেইনে এনপিও এনপিও ইতোমধ্যে .bd ডোমেইন এর পাশাপাশি .বাংলা ডোমেইনে রেজিস্ট্রেশন এবং ডিএনএস আপলোড করা হয়েছে। এর ফলে এনপিও’র ওয়েবসাইট npo.gov.bd এর পাশাপাশি এনপিও.বাংলা ওয়েব এড্রেসের মাধ্যমে ব্রাউজ করা যাচ্ছে।

### Online Kaizen সফটওয়্যার প্রস্তুত

KAIZEN উৎপাদনশীলতা উন্নয়নের একটি জাপানি টেকনিক। প্রতিষ্ঠান পর্যায়ে পরিদর্শনের মাধ্যমে KAIZEN কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি অনলাইনেও KAIZEN কর্মসূচি বাস্তবায়ন ও মনিটরিং করা হচ্ছে।

### উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন প্রস্তুত বিষয়ক সফটওয়্যার

উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এর ফলে উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন প্রস্তুতের জন্য প্রতিষ্ঠান ভিত্তিক তথ্য অনলাইনেই সংগ্রহ করা যাচ্ছে। এর ফলে উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন পূর্বের তুলনায় অনেক কম সময়ে প্রস্তুত করা যাচ্ছে।

### দক্ষ জনবল দ্বারা আইসিটি সেল স্থাপন

ডিজিটাল কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে এনপিও তে ই-গভর্ন্যান্স ও আইসিটি শাখা রয়েছে। বর্তমানে এতে একজন সহকারী প্রোগ্রামার কর্মরত রয়েছেন। ই-গভর্ন্যান্স ও আইসিটি শাখাকে শক্তিশালীকরণের জন্য এনপিও কর্তৃক প্রস্তাবিত জনবল বৃদ্ধির তালিকায় এই শাখায় কয়েকজন জনবলের তালিকা অন্তর্ভুক্ত করা হয়েছে। এর ফলে এ দপ্তরে আইসিটি বিষয়ক কার্যক্রম বিভিন্ন ক্ষেত্রে আরও গতিশীলতা লাভ করবে।

## ডিজিটাল সরঞ্জামাদি সংক্রান্ত

এনপিও প্রত্যেক কর্মকর্তার জন্য ইন্টারনেট সংযোগ সহ কম্পিউটার প্রদান করা হয়েছে। এছাড়া প্রত্যেক কর্মকর্তাকে প্রিন্টার, স্ক্যানার প্রদান করা হয়েছে। এসব ব্যবহারের ফলে এনপিওতে ডিজিটাল কার্যক্রমের মাধ্যমে কর্ম সম্পাদনের হার অনেক বেড়েছে।

## ডিজিটাল এটেনডেন্স

দপ্তরে ডিজিটাল এটেনডেন্স সিস্টেম চালু রয়েছে। এতে সকল কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে নিয়মিত উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

## Wi-fi Network স্থাপন

এ দপ্তরে দ্রুতগতি সম্পন্ন ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের পাশাপাশি দ্রুতগতি সম্পন্ন Wi-fi Network স্থাপন করা হয়েছে। এর ফলে এ দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব ও স্মার্টফোন মোবাইলের মাধ্যমে অনলাইন ভিত্তিক বিভিন্ন তথ্য জানতে ও প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার করতে পারছে।

## ডিজিটাল কনফারেন্স বোর্ড স্থাপন

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এর সভা কক্ষে ও কনফারেন্স রুমে দুইটি কনফারেন্স বোর্ড স্থাপন করা হয়েছে । এর ফলে প্রেজেন্টেশন সহ বহুমুখী কাজে এই বোর্ড ব্যবহার করা হচ্ছে।

## সিসি ক্যামেরা

এনপিও দপ্তরের সকল জায়গায় এবং কনফারেন্স রুমে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এর ফলে ডিজিটাল নজরদারির মাধ্যমে নিরাপত্তা জোরদার করা সম্ভব হয়েছে।

## ই-নথি

এ দপ্তরে ই-নথি কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন হচ্ছে। শিল্প মন্ত্রণালয় সহ অন্যান্য সকল প্রতিষ্ঠানে ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ করা হচ্ছে। এছাড়াও ই-নথি সিস্টেমের মধ্যে আগত সকল পত্রের কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।

## কোভিড-১৯ কালীন তথ্য-প্রযুক্তির ব্যবহার

- ✓ এনপিসি, এনপিইসি এবং উপদেষ্টা কমিটির বিভিন্ন সভা অনলাইনের মাধ্যমে সম্পন করা হচ্ছে।
- ✓ এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সাথে বিভিন্ন সভা, প্রশিক্ষণ, কর্মশালা এবং টিইএস নিয়মিত অনলাইনের মাধ্যমে করা হচ্ছে।
- ✓ উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ ফেসবুক এর মাধ্যমে প্রচার করা হয়েছে।

**পঞ্চম অধ্যায়**

অন্যান্য কার্যক্রম

## বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টারপ্ল্যান (২০২১-২০৩০)

## এপিও এবং এনপিও এর যৌথ উদ্যোগে Bangladesh National Productivity Master Plan (NPM) FY 2021-2030 বাস্তবায়ন কর্মসূচিঃ

**ভূমিকাঃ** ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও), জাপান এর যৌথ উদ্যোগে বাংলাদেশের বিভিন্ন সেক্টরের উৎপাদনশীলতা, গুণগতমান, প্রতিযোগিতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে Bangladesh National Productivity Master Plan 2021-2030 তৈরি করা হয়েছে। যেখানে আগামী দশ বছরের উৎপাদনশীলতার প্রবৃদ্ধি অর্জনের হার ৫.৬% নির্ধারণ করা হয়েছে। যাতে ৫টি লক্ষ্যের মাধ্যমে উদ্ভাবনী ও সক্রিয় উদ্যোগ, উচ্চমূল্য সংযোজনকৃত পণ্য ও সেবা উৎপাদন, আন্তর্জাতিক মানের আধুনিক পণ্য ও দক্ষ সেবার রপ্তানী বৃদ্ধি এবং ব্যবসা পরিচালনা ও প্রবৃদ্ধিতে সহায়ক পরিবেশ সৃষ্টি, শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে বিধিমালার প্রয়োজনীয় সংস্কারের কথা বলা হয়েছে। এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও), জাপান এর তথ্য অনুযায়ী বাংলাদেশের বর্তমান উৎপাদনশীলতার প্রবৃদ্ধি (১৯৯৫-২০১৬) ৩.৮%।

**বাস্তবায়ন কর্মসূচিঃ** শিল্প মন্ত্রণালয় আগামী ২০৪১ সালের প্ল্যান অনুযায়ী দেশব্যাপী ৪৭ টি সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা সমন্বয়ে উৎপাদনশীলতার প্রবৃদ্ধি অর্জনের হার ৫.৬% উন্নিত করা হবে। মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার সমন্বয়ে একটি Action plan তৈরি করা হয়েছে। ইতোমধ্যে অষ্টম-পঞ্চম বার্ষিকী কর্মপরিকল্পনায় মাস্টার প্ল্যান বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। এপিও কর্তৃক প্রণীত ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান (২০২১-২০৩০) বাস্তবায়নের লক্ষ্যে এনপিও তে ৫টি কমিটি গঠন করা হয়েছে। কমিটিগুলো বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে নিয়মিত সভা আয়োজন করছে।

এ মাস্টার প্ল্যানে বর্ণিত Goal ও strategic Thrusts অনুযায়ী Thematic Group গঠন করা হয়েছে। মাস্টার প্ল্যান যথাযথভাবে বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের কার্যক্রম চিহ্নিত করে Action Plan প্রণয়ন করা হয়েছে। পরবর্তীতে প্রস্তুতকৃত খসড়া Action Plan বিষয়ে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/বিয়োজনে বিষয়ে মতামত সংগ্রহ করা হয়েছে। সর্বশেষ উক্ত অ্যাকশন প্ল্যানের কপি মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/ দপ্তর এ প্রেরণ করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত সর্বশেষ মতামতের উপর ভিত্তি করে Action Plan চূড়ান্ত করা হয়েছে। মাস্টার প্ল্যান এর Action Plan বাস্তবায়নে অগ্রগতি ও চ্যালেঞ্জ বিষয়ে আলোচনার লক্ষ্যে গত ২১-১১-২০২২ তারিখ এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিভিন্ন মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/ দপ্তর এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন। এছাড়া Bangladesh National Productivity Master Plan (NPM) FY 2021-2030 বাস্তবায়নে এনপিও'তে কর্মরত কর্মকর্তাদের লক্ষ্য নির্ধারনে গত ০৯-০২-২০২৩ তারিখে দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

## ২৬ মার্চ  মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন

২৬ মার্চ ২০২৩, ৫৩তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে শিল্প মন্ত্রণালয় চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় এনপিও এর অন্যান্য কর্মকর্তাবৃন্দও উপস্থিত ছিলেন।



মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসে এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।

## ২৬ মার্চ  মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ঐতিহাসিক ২৬ মার্চ ২০২৩ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে এনপিও একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করে। উক্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতা ২৩ মার্চ, ২০২৩ তারিখে এনপিও এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  জনাব মুহম্মদ মেসবাহুল আলম।  "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতায় এনপিও এর কর্মকর্তাচারীদের সন্তানরা অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী প্রত্যেককে সান্ত্বনা পুরস্কার প্রদান করা হয়।



স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে এনপিও কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীগণ এনপিও এর মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম (অতিরিক্ত সচিব) মহোদয়ের সাথে।

## মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন

মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে শিল্প মন্ত্রণালয় চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে পুস্পস্তবক অর্পণ করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় এনপিও এর অন্যান্য কর্মকর্তাবৃন্দও উপস্থিত ছিলেন। এছাড়া দুপুর ২.১০ মিনিটে মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে এনপিও'র মিনি কনফারেন্স রুমে আলোচনা সভার আয়োজন করা হয়। এনপিও'র মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম (অতিরিক্ত সচিব) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।

## “জাতীয় শোক দিবস ২০২২” এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০২২” পালন উপলক্ষ্যে শিল্প মন্ত্রণালয় চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও’র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় এনপিও এর অন্যান্য কর্মকর্তাবৃন্দও উপস্থিত ছিলেন। এছাড়া দিবসটি উপলক্ষ্যে দুপুর ২.০০ মিনিটে  এনপিও’র মিনি কনফারেন্স রুমে আলোচনা সভার আয়োজন করা হয়। এনপিও’র মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম (অতিরিক্ত সচিব) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।




“জাতীয় শোক দিবস ২০২২”  উপলক্ষে এনপিও’র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও’র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।

## 'ঐতিহাসিক ৭ই মার্চ' এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন

ঐতিহাসিক ৭ই মার্চ । বাঙালি জাতির ইতিহাসে অবিস্মরণীয় দিন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে এক উত্তাল জনসমুদ্রে এ দেশের স্বাধীনতার প্রস্তুতির ডাক দেন। বঙ্গবন্ধু তাঁর বজ্রকণ্ঠে বলেন, 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ জাতীয় দিবস হিসেবে প্রথম বারের মতো উদযাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের পাশাপাশি এনপিও নিজস্ব কর্মসূচি পালন করে। এ উপলক্ষে শিল্প মন্ত্রণালয় চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। অনুষ্ঠানে মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি ও সম্মানিত শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা উপস্থিত থেকে শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।



'ঐতিহাসিক ৭ই মার্চ' এ এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন

১৬ ডিসেম্বর, ২০২১। মহান বিজয় দিবসের সুবর্ণজয়ন্তী। বাঙালির হাজার বছরের ইতিহাসে সবচেয়ে গৌরব ও অহংকারের দিন। ৫০ বছর আগে এই দিনে বিশ্বের মানচিত্রে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয় বাঙালি জাতিকে এনে দিয়েছিল আত্মপরিচয়ের ঠিকানা। বিজয়ের সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে শিল্প মন্ত্রণালয় চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। অনুষ্ঠানে মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি ও সম্মানিত শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা উপস্থিত থেকে শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।




মহান বিজয় দিবসের সুবর্ণজয়ন্তীতে সম্মানিত শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা এবং এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।

DRAFT

# প্রকল্প সংক্রান্ত তথ্য

## প্রকল্প - ০১:

**প্রকল্পের নাম:** আধুনিক সুযোগ সুবিধাসহ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর অফিস ভবন নির্মাণ।

**প্রকল্পের মেয়াদ:** প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৮ পর্যন্ত। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ (৪র্থ বার) জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধিকরণের জন্য আইএমইডি হতে সম্মতি পাওয়া গেলেও পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়নি।

**প্রাক্কলিত ব্যয়:** ৬৫৯২.৯২ লক্ষ টাকা ।
**জমির পরিমাণ:** ০.৪২ একর, প্লটনং: এফ-২০/এ, স্থান : শেরে বাংলানগর , ঢাকা।

**অগ্রগতি :** প্রকল্পের মূল ভবন নির্মাণের জন্য PWD কর্তৃক সর্বনিম্ন দরদাতা হিসেবে গত ১৯/০৬/২০১৭ তারিখে জামিল ইকবাল এন্ড বঙ্গা বিল্ডার্স লিঃ কে Notification of Award (NoA) এবং গত ১৬/০৭/২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে। মামলার কারনে প্রকল্পের কাজের উপর মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ থাকায় প্রকল্পের ভবন নির্মাণ কাজ শুরু করা সম্ভব হয়নি।

**মামলা সংক্রান্ত:** প্রকল্পের জায়গায় অবৈধভাবে অবস্থানরত দখলদারদের দখলমুক্ত করার জন্য PWD কর্তৃক জারীকৃত নোটিশের প্রেক্ষিতে দখলদারগণ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন দাখিল করে। উক্ত রিটের প্রেক্ষিতে মহামান্য আদালত গত ১৩/০৪/২০১৭ তারিখে প্রদত্ত আদেশে নোটিশের কার্যকারিতা ২ (দুই) মাসের জন্য স্থগিত করে। ০৭ মে, ২০১৭ তারিখে মাননীয় আপিল বিভাগ হতে স্থগিতাদেশ প্রত্যাহারের আবেদন খারিজ করে ৮ সপ্তাহের মধ্যে মামলাটি নিষ্পত্তির জন্য নিয়মিত শুনানির নির্দেশ প্রদান করেন। গত ০৬/১২/২০২২ তারিখে মামলাটির শুনানী শেষ হয়েছে। মামলাটির Judgment অপেক্ষমান। এনপিও'র পক্ষ হতে সরাসরি ও টেলিফোনে এ্যাটর্নি জেনারেল ও ডেপুটি এ্যাটর্নি জেনারেল এর সাথে মামলার বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত আছে।

## প্রকল্প - ০২:

**“ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ” শীর্ষক প্রকল্প এর অগ্রগতিঃ**

| | | |
|---|---|---|
| প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | ১০০১.৯৬ লক্ষ টাকা। (দশ কোটি এক লক্ষ ছিয়ানব্বই হাজার) |
| বাস্তবায়নকাল | : | ০১ জানুয়ারী, ২০২০ হতে ৩১ ডিসেম্বর, ২০২২ |
| প্রস্তাবিত (১ম সংশোধন) | : | জানুয়ারী, ২০২০ হতে জুন, ২০২৩ ( ০১.৫ বছর বৃদ্ধির অনুমোদন প্রক্রিয়াধীন) |

২০২২-২৩ অর্থ বছরের লক্ষমাত্রা এবং অগ্রগতি:

| ক্র. নং | অর্থ বছর | এডিপি বরাদ্দ | অর্থ ছাড় | আর্থিক অগ্রগতি | বাস্তব অগ্রগতি (৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বিবরণ | লক্ষ্যমাত্রা (সংখ্যা) | অগ্রগতি (সংখ্যা) | অগ্রগতি % | অবশিষ্ট |
| ১. | ২০২২-২৩ | ৩৯৫.০০ লক্ষ টাকা | ১৪৮.১২৫ লক্ষ টাকা | ১৪২.৭৩ লক্ষ টাকা। [অর্থ ছাড়ের প্রেক্ষিতে৯৬. ৩৬% এবং এডিপির | সেমিনার | ২৫ | ২৫ | ১০০% | ০.০ |
| | | | | | কর্মশালা | ৭ | ৫ | ৭১.৪৩% | ২৮.৫৭% |
| | | | | | প্রশিক্ষণ | ২৪ | ১৫ | ৬২.৫% | ৩৭.৫% |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | প্রেক্ষিতে ৩৬.১৩%] | কনসালটেন্সী | ৩ | ০ | ০.০০% | ১০০% |

২০২০-২০২১ অর্থ বছর হতে ২০২২-২০২৩ অর্থবছর পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি:

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২. | ক্রমপুঞ্জিত (শুরু হতে এ পর্যন্ত (জানুয়ারী, ২০২০ হতে ডিসেম্বর, ২০২২) প্রাক্কলিত ব্যয়: ১০০১.৯৬ লক্ষ টাকা | ৭৮৫.০০ লক্ষ টাকা | ৫১৮.৩৭ লক্ষ টাকা | ৪৭৭.৪৩ লক্ষ টাকা (৯২.১০%) (অর্থ ছাড়ের প্রেক্ষিতে) | সেমিনার | ৬৪ | ৫৫ | ৮৫.৯৩% | ১৪.০৭% |
| | | | | | কর্মশালা | ৩২ | ৩০ | ৯৩.৭৫% | ৬.২৫% |
| | | | | | প্রশিক্ষণ | ৭৫ | ৩৬ | ৪৮.০০% | ৫২.০০% |

"ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পের তথ্য:

**প্রকল্পের আওতায় অর্জিত কার্যক্রম:**

১। **সেমিনারঃ**

প্রকল্পের আওতায় ৫৫ জেলায় ১টি করে মোট ৫৫টি সেমিনার (দিনব্যাপী) পরিচালনা করা হয়েছে। উক্ত সেমিনারে জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, চেম্বার অব কমার্সসহ অন্যান্য এসোসিয়েশন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপক/কর্মকর্তা, সুপারভাইজার এবং সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তাগণ অংশগ্রহন করেন। প্রতিটি সেমিনারে অংশগ্রহনকারির সংখ্যা ১০০ জন। প্রকল্পের আওতায় ১ম সেমিনারটি গত ২৪ ডিসেম্বর, ২০২০ তারিখে 'উন্নত দেশ বিনির্মাণে উৎপাদনশীলতার গুরুত্ব' শিরোনামে নরসিংদী জেলায় অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, বিশেষ অতিথী হিসেবে জনাব মির্জা নূরুল গণী শোভন, প্রেসিডেন্ট, বাংলাদেশ জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) এবং জনাব আব্দুল মতিন ভূঁইয়া, চেয়ারম্যান, নরসিংদী জেলা পরিষদ, মূল প্রবন্ধ উপস্থাপক জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার, পরিচালক (যুগ্ম সচিব), এনপিও, সভাপতি ছিলেন সৈয়দা ফারহানা কাউনাইন, জেলা প্রশাসক, নরসিংদী। প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরে ৬টি জেলায়, ২০২১-২২ অর্থ বছরে ২২টি জেলায় এবং ২০২২-২৩ অর্থ বছরে ২৭ জেলায় সেমিনার বাস্তবায়ন করা হয়েছে। মোট ৫৫টি সেমিনারে জেলা ও উপজেলা পর্যায়ের মোট ৫৫০০ জন অংশগ্রহন করেন।



নরসিংদী জেলায় অনুষ্ঠেয় সেমিনারে বক্তব্য রাখছেন প্রধান অতিথী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

২। **প্রশিক্ষণ ও কর্মশালাঃ**

**প্রশিক্ষণঃ**

প্রকল্পের আওতায় দেশের ১২টি জেলায় প্রতি জেলায় ৩টি করে (৫দিনের) মোট ৩৬টি প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, চেম্বার অব কমার্সসহ অন্যান্য এসোসিয়েশন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপক/কর্মকর্তা, সুপারভাইজার এবং সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তাগণ অংশগ্রহন করবেন। প্রতিটি প্রশিক্ষণে অংশগ্রহনকারির সংখ্যা ৩০ জন। প্রকল্পের আওতায় ১ম প্রশিক্ষণ ০১-০৫ নভেম্বর, ২০২১ তারিখে "উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল" বিষয়ক ০৫ দিন ব্যাপী ৩টি রাঙ্গামাটি জেলায় অনুষ্ঠিত হয়। প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে ৭টি জেলায় ২১টি প্রশিক্ষণ এবং ২০২২-২৩ অর্থ বছরে ৫টি জেলায় ১৫টি প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে।




রাঙ্গামাটি জেলায় অনুষ্ঠেয় প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব বিপ্লব চাকমা, সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), রাঙ্গামাটি পার্বত্য জেলা।

**কর্মশালাঃ**

প্রকল্পের আওতায় দেশের ৩০টি জেলায় ১টি করে মোট ৩০টি কর্মশালা (২দিনের) পরিচালনা করা হয়েছে। উক্ত কর্মশালায় জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, চেম্বার অব কমার্সসহ অন্যান্য এসোসিয়েশন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপক/কর্মকর্তা, সুপারভাইজারগণ অংশগ্রহন করেন। প্রতিটি কর্মশালায় অংশগ্রহনকারির সংখ্যা ৩০ জন। প্রকল্পের আওতায় ১ম কর্মশালাটি ১৫-১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" বিষয়ে গাজীপুর জেলায় অনুষ্ঠিত হয়। প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে ২৫টি জেলায় এবং ২০২২-২৩ অর্থ বছরে ৫টি জেলায় কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে।




গাজীপুর জেলায় অনুষ্ঠেয় কর্মশালায় বক্তব্য রাখছেন প্রকল্প পরিচালক জনাব মুহাম্মদ আরিফুজ্জামান

**Be Productive, Think Productive.**

# তথ্য অধিকার

সরকারি কাজকর্মে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সরকার তথ্য অধিকার আইন করেছে। এর মাধ্যমে যে কোন প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য প্রাপ্তি সহজতর করা হয়েছে। এই আইনের অধীন প্রকাশযোগ্য যাবতীয় তথ্য এনপিও'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী যেসব তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয় সেসব তথ্য ব্যতীত অন্য কোন তথ্য পেতে নির্ধারিত ফরমের মাধ্যমে অথবা সাদা কাগজে অথবা ই-মেইলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করতে হবে। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা অনধিক ২০ (বিশ) কর্মদিবসের মধ্যে তথ্য সরবরাহ করবেন। তথ্য প্রদানে অপারগ হলে ১০ (দশ) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করতে হবে । নির্ধারিত সময়সীমা অতিক্রম হওয়ার পর কেউ তথ্য না পেলে তিনি আপিল বিভাগের কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন। তথ্য অধিকার আইনে তথ্য সমূহকে ০৩(তিন) টি শ্রেণিতে ভাগ করা হয়েছে। যথাঃ

- স্ব-প্রণোদিত তথ্য
- চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য
- কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

**এনপিও'র স্ব-প্রণোদিত তথ্যের তালিকাঃ**

- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) সাংগঠনিক কাঠামোর বিবরণ;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) কার্যক্রম ;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) কর্মকর্তাদের নাম, পদবী, দায়িত্ব এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর;
- ই-মেইল ঠিকানা;
- বার্ষিক প্রতিবেদন;
- এনপিও'র বাজেট প্রজ্ঞাপন (অনুন্নয়ন ও উন্নয়ন);
- সকল প্রকাশিত গবেষণা প্রতিবেদন;
- তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ ও তথ্য কমিশনারদের নাম, পদবী ও ঠিকানা ;
- এপিও'র সদস্যভুক্ত দেশ সমূহের তালিকা;
- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারার বিধান সাপেক্ষে সামাজিক নিরাপত্তা, দারিদ্র বিমোচন কর্মসূচি সংক্রান্ত তথ্য;
- সকল বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি ও
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র সভা সংক্রান্ত তথ্য ।

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো এনপিও'র ওয়েবসাইটে (www.npo.gov.bd)প্রকাশ করা হয়েছে ।

DRAFT

**চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকাঃ**

- বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্য;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের বার্ষিক অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য ও
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত তথ্য।

**যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়ঃ**

- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) সংক্রান্ত সিদ্ধান্ত/নির্দেশনা/অনুশাসন;
- রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন ও
- সরকারিভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃত তথ্য ।

**তথ্য সরবরাহের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও আপিল কর্তৃপক্ষের তথ্য:**

| দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল/ফোন ও ইমেইল |
|---|---|
| মিজ্ আবিদা সুলতানা<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা<br>ফোকাল পয়েন্ট | ০১৭২২১৪৩৪২৫<br>mostabedaeco@yahoo.com |
| সুরাইয়া সাবরিনা<br>গবেষণা কর্মকর্তা<br>বিকল্প ফোকাল পয়েন্ট | ০১৮৩১৪৭৯৬৭০<br>suraiyasubrina@gmail.com |

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা

জনগণের নিকট জবাবদিহিতা নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিতকরণই অভিযোগ প্রতিকার ব্যবস্থার মূল উদ্দেশ্য। এনপিও'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার আলোকে বিভিন্ন কার্যক্রমের মধ্যে রয়েছে কর্মকর্তা/কর্মচারীদের সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান, সভা অনুষ্ঠান এবং প্রচারণামূলক কর্মসূচি গ্রহণ ।

**অর্থবছরে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য**

| পূর্ববর্তী বছর থেকে আগত অভিযোগ | বিবেচ্য বছরে প্রাপ্ত | মোট প্রাপ্ত অভিযোগ | অভিযোগ নিষ্পত্তি | | মোট নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মোট অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রমাণিত | অপ্রমাণিত | | |
| (৩) | (৪) | (৫)<br>(৩+৪) | (৬) | (৭) | (৮)<br>(৬+৭) | (৯)<br>(৫-৮) |
| - | - | - | - | - | - | - |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) অধিদপ্তরে রুপান্তরসহ আঞ্চলিক অফিস স্থাপন, স্বল্প জনবল, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) নিজস্ব ভবন, ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১-২০৩০ বাস্তবায়ন। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদানুযায়ী মানসম্মত প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ সেবা প্রদান। এনপিও প্রদত্ত সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন এবং উৎপাদনশীলতা পরিমাপের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যের অপ্রাপ্যতা।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

এনপিও দপ্তরকে অধিদপ্তর এ উন্নীতকরণ। অর্থনীতির বিভিন্ন খাত ও উপখাতে উৎপাদনশীলতার লেভেল পরিমাপ করা। উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ , পরামর্শ ও গবেষণার ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের সাথে সাথে বেসরকারি প্রতিষ্ঠানে প্রদত্ত সেবা সম্প্রসারণ করা। ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১-২০৩০ বাস্তবায়নের কর্মপরিকল্পনা প্রস্তুত করা। জাতীয় উৎপাদনশীলতা আইন এবং নীতিমালা প্রণয়ন।

## এনপিও’র কর্মকর্তাদের পরিচিতি

| নাম | পদবী | মোবাইল নং | ইমেইল |
|---|---|---|---|
| জনাব মুহম্মদ মেসবাহুল আলম | মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | ৯৫৬২৮৮৩ | npobd1982@gmail.com |
| জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন | পরিচালক (উপসচিব) | ২২৩৩৫৭৫০১ | akm.shaheen@gmail.com |
| জনাব মুহাম্মদ আরিফুজ্জামান | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | ০১৯১৪-৭৫০০০৯ | maz2021@yahoo.com |
| জনাব মোঃ ফরিদ উদ্দিন | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | ০১৭১৬-৯৯১৩৮৬<br>৯৫৮৫৬২৪ | farid.npo64@yahoo.com |
| মোছাম্মৎ ফাতেমা বেগম | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | ০১৫৫৭-৩৮৬৭০৬ | fatamabegumnpo@gmail.com |
| মোছা: আবিদা সুলতানা | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | ০১৭২২-১৪৩৪২৫ | mostabedaeco@yahoo.com |
| জনাব মোঃ আমিনুল ইসলাম | সহকারী প্রোগ্রামার | ০১৫৫৭-৭৬৮০০৫ | aminulnpo@gmail.com |
| জনাব মোঃ রাজু আহম্মেদ | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি) | ০১৯২০-২৮১০৬০ | ahammed_razu@yahoo.com |
| জনাব রিপন সাহা | গবেষণা কর্মকর্তা | ০১৭৩৯-২৭৮৪৮১ | ripon.nop@gmail.com |
| মিজ সুরাইয়া সাবরিনা | গবেষণা কর্মকর্তা | ০১৮৩১-৪৭৯৬৭০ | suraiyasubrina@gmail.com |
| জনাব  মোঃ মেহেদী হাসান | গবেষণা কর্মকর্তা | ০১৭১৬-৯৮১৮১০ | mehedinpo@gmail.com |
| জনাব মোঃ মনিরুজ্জামান | গবেষণা কর্মকর্তা | ০১৭২৪-৫৯৮৩৬১ | monir_npo01@yahoo.com |
| জনাব মোঃ আকিবুল হক | গবেষণা কর্মকর্তা | ০১৭৪০-৫০৬৮৩৪ | hmd.akibul@yahoo.com |
| মিজ নাহিদা সুলতানা রত্না | গবেষণা কর্মকর্তা | ০১৭৪৮-২১৯০৫০ | nahida_npo@yahoo.com |
| সৈয়দ জায়েদ-উল ইসলাম | গবেষণা কর্মকর্তা | ০১৭৪৮-২১৯০৫০ | nahida_npo@yahoo.com |
| মিজ ফারজানা হক | গবেষণা কর্মকর্তা | ০১৬৭৪-৯৬৩৯০৮ | ferjanahoque@gmail.com |
| আব্দুল্লাহ আল যোবায়ের | গবেষণা কর্মকর্তা | ০১৬৮৩-৩৪৭৯৬৯ | zobair4222@gmail.com |
| জনাব ফিরোজ আহমেদ | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৯১২-৫১৭২১১ | firazsi99@gmail.com |
| জনাব মোঃ রিপন মিয়া | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭১৭-৩৪৯২১৯ | ripan213@gmail.com |
| জনাব মোঃ লিমন লাবু | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭১৭-৬৭৫১৬৫ | lemon.npo@gmail.com |
| জনাব মোঃ হাসান মোল্লা | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭২৪-৯৭৪৮৫৭ | mehedihasan83603@gmail.com |

| নাম | পদবী | মোবাইল নং | ইমেইল |
|---|---|---|---|
| মিজ জান্নাতুল ফেরদৌস | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭৭৭-৬৩৪৪৪৫ | Jannat.npo@gmail.com |
| মিজ নাজমুন্নাহার | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৯১৬-৫২৬২৯৯ | nazmunnaharrupa457@gmail.com |
| জনাব এস.এম. নাইমুর  রহমান | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৬৭৫-৩১৭৮২৬ | naimurrahman.si.npo@gmail.com |
| জনাব এ এফ এম হাসান-উল-বান্না | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭৩৭-৩২৯৫২২ | npobanna@gmail.com |
| জনাব এস.এম. জসীম উদ্দীন | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭২৩-০৩৪৮৯৮ | jasim.zoha@gmail.com |

DRAFT